রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০১৭

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

বিজ্ঞপ্তি

তারিখ : ০২ কার্তিক ১৪২৪ বঃ/১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং-৫৮৪-জি,**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ তারিখের ৭০৪-বিচার-৩/১টি-০১/২০১৭, ৭০৫-বিচার-৩/১টি-০২/২০১২ ও ৭০৬-বিচার-৩/১টি-১/২০১৭ নং স্মারকমূলে অত্র কোর্টের জেলা জজ, অতিরিক্ত জেলা জজ, যুগ্ম জেলা জজ ও সমপর্যায়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বর্তমান কর্মস্থল হতে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদে নিয়োগ করায় তাঁদেরকে আগামী ২২-১০-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো ঃ

| ক্রঃ নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|
| ১। | জনাব সৈয়দ আমিনুল ইসলাম, রেজিস্ট্রার জেনারেল (জেলা জজ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা (প্রেষণে)। |
| ২। | জনাব মোঃ আবু সৈয়দ দিলজার হোসেন, রেজিস্ট্রার (জেলা জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | বিশেষ জজ, বিশেষ জজ আদালত নং-৩ ঢাকা। |
| ৩। | জনাব মোঃ যাবিদ হোসেন, অতিরিক্ত রেজিস্ট্রার (জেলা জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, রংপুর। |
| ৪। | জনাব মোঃ সাব্বির ফয়েজ, অতিরিক্ত রেজিস্ট্রার (অতিরিক্ত জেলা জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | অতিরিক্ত জেলা ও দায়রা জজ, লালমনিরহাট। |
| ৫। | জনাব এ, ই, এম, ইসমাইল হোসেন, স্পেশাল অফিসার (অতিরিক্ত জেলা জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | অতিরিক্ত জেলা ও দায়রা জজ, বরগুনা। |
| ৬। | জনাব মোহাম্মদ আনিসুর রহমান, মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব (অতিরিক্ত জেলা জজ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পঞ্চগড়। |
| ৭। | জনাব মোহাম্মদ কামাল হোসেন শিকদার, ডেপুটি রেজিস্ট্রার (যুগ্ম-জেলা জজ) হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | যুগ্ম জেলা ও দায়রা জজ, চুয়াডাঙ্গা। |
| ৮। | জনাব মোঃ আজিজুল হক, ডেপুটি রেজিস্ট্রার (যুগ্ম-জেলা জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | যুগ্ম জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও |
| ৯। | বেগম ফারাজানা ইয়াসমিন, ডেপুটি রেজিস্ট্রার (যুগ্ম-জেলা জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। | যুগ্ম জেলা ও দায়রা জজ, পিরোজপুর। |

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

আদেশক্রমে

মোঃ জাকির হোসেন
রেজিস্ট্রার।

আপীল বিভাগ, ঢাকা।

অফিস আদেশ

তারিখ : ২৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ১৬০০(১-৬)/২০১৭ এসসি (এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপিল বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তার চাকরি তাঁর নামের পার্শ্বে বর্ণিত উল্লিখিত পদ ও তারিখ হতে স্থায়ী করা হলো ঃ-

| ক্রঃ নং | নাম ও পদবি | চাকরিতে যোগদান/পদোন্নতির পদ ও তারিখ | চাকরি স্থায়ীকরণের পদ ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ ইব্রাহীম<br>ব্যক্তিগত কর্মকর্তা। | ব্যক্তিগত কর্মকর্তা<br>১৮-১২-২০০৭ খ্রিঃ | ব্যক্তিগত কর্মকর্তা<br>১৮-১২-২০০৭ খ্রিঃ |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**জেমস্ রিচার্ড ক্রুশ**
ডেপুটি রেজিস্ট্রার।

---

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩০ অক্টোবর ২০১৭ খ্রিঃ

দুদক'এ সংযুক্ত পুলিশ ফোর্স পরিচালনা/ব্যবহার পদ্ধতি

**নং দুদক/প্রশাঃ ও লজিঃ/১৪/২০১৬/৩২৬১৬**—বাংলাদেশ পুলিশ হতে আগত Force "দুদক আর্মড ইউনিট/দুদক Operational Force" হিসেবে বিবেচিত হবে। দুদক আর্মড ইউনিট/দুদক Operational Force বাংলাদেশ পুলিশের প্রচলিত আইন কানুন, বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত এবং পরিচালিত হবে।

**নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ঃ**

১। দুদক আর্মড ইউনিট/দুদক Operatinal Force বাংলাদেশ পুলিশ হতে প্রেষণে দুদকে আগত একজন অতিরিক্ত পুলিশ সুপার (উপপরিচালক) অথবা দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক মনোনীত উপপরিচালকের নিম্নে নন এমন পদমর্যাদর কর্মকর্তা দ্বারা পরিচালিত হবে।

**Force এর দায়িত্ব ও কর্তব্য ঃ**

২। এ Force শুধমাত্র Operational কার্যক্রম ও দুদক প্রধান কার্যালয়ে নিরাপত্তা বিধান করবে। দুদক কর্মকর্তাদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য ব্যবহার করা যাবে না।

৩। উক্ত Operational Force নিম্নোক্ত কার্যাদি পালন করবে ঃ

(ক) আসামী গ্রেফতারে সহায়তাকরণ।

(খ) আসামী কোর্টে প্রেরণ, আনয়ন অথবা স্থানান্তরে সহায়তাকরণ।

(গ) হাজতখানার নিরাপত্তা এবং আসামীদের নিরাপত্তা প্রদান।

(ঘ) অভিযান পরচালনাকারী দুদক টীমের সার্বিক নিরাপত্তা প্রদান।

(ঙ) দুদক প্রধান কার্যালয়ের নিরাপত্তা বিধান।

(চ) দুদক কর্তৃপক্ষ প্রদত্ত আইন-শৃংখলা/নিরাপত্তা সংক্রান্ত যে কোন আইনসম্মত দায়িত্ব পালন।

**Force Requisition পদ্ধতি ঃ**

৪। দুদক টীমের Operational Force-এর প্রয়োজন হলে কমপক্ষে ২৪ ঘণ্টা আগে নমুনা ফরমে লিখিত আবেদন করতে হবে। আবেদন মহাপরিচালক (প্রশাসন) বরাবর এর মাধ্যমে মনোনীত উপপরিচালক বা কমান্ড্যান্ট (Operation)-এর নিকট প্রেরণ করতে হবে।

৫। কোন কারণবশত জরুরী প্রয়োজনে মহাপরিচালক (প্রশাসন) মহোদয়ের মৌখিক আদেশে ফোর্স প্রদান করা যাবে।

**Force মোতায়েন পদ্ধতি ঃ**

৬। Operational Force কোন স্থানে গমনাগমনের জন্য বাংলাদেশ পুলিশ কর্তৃক প্রদত্ত ও আইনে নির্ধারিত Command Certificate (CC) দ্বারা নিয়ন্ত্রিত হবে, যা দায়িত্বপ্রাপ্ত কমান্ড্যান্ট প্রদান করবেন।

৭। Operational Force তাদের সকল কার্যক্রমের জন্য সরকারি বিধি মোতাবেক পদমর্যাদা অনুসারে টিএ/ডিএ প্রাপ্ত হবেন।

৮। আপাতত দুদকের নিজস্ব ব্যারাকে উক্ত ফোর্স এর আবাসনের ব্যবস্থা থাকবে।

**অভিযান পরিচালনাকারী কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য ঃ**

৯। Operational Force কোন অভিযান কার্যক্রমে অংশগ্রহণ করলে উক্ত অভিযান পরিচালনাকারী Operational Force এর দায়িত্ব পালনকারী কর্মকর্তার নিয়ন্ত্রণাধীনে থাকবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা সমগ্র দলের সার্বিক কল্যাণ ও নিরপত্তা লক্ষ্য রাখবেন।

১০। Operational Force দ্বারা কোন স্থানে জব্দ তালিকা প্রস্তুতকালে তারা জব্দ তালিকায় সাক্ষী হবে না, জব্দ তালিকা তৈরি করবে না। তবে তল্লাসীকালে ঐ স্থানে সার্বিক নিরাপত্তা প্রদান করবে। অভিযান পরিচালনাকারী কর্মকর্তা তা নিশ্চিত করবেন।

১১। অভিযান পরিচালনাকালে কর্তৃপক্ষ রাত্রিযাপনের প্রয়োজন মনে করলে সার্বিক নিরাপত্তা ও কল্যাণের স্বার্থে উপযুক্ত বাসস্থান নির্ধারণ করবেন এবং Operational Force এর অস্ত্র গোলাবারুদের নিরাপত্তা নিশ্চিত করবেন।

১২। অভিযান পরিচালনাকালে অভিযান পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা আইনশৃংখলার অনাকাংখিত পরিস্থিতির উদ্ভব হলে সংশ্লিষ্ট থানা কিংবা উপযুক্ত কর্তৃপক্ষের সাহায্য কামনা করবেন, **"কোন অবস্থাতেই Operational Force-কে গুলিবর্ষণের আদেশ প্রদান করবেন না অথবা শক্তি প্রয়োগের আদেশ দিবেন না"**।

১৩। অভিযান পরিচালনা সমাপ্ত হলে এবং কোন আসামী গ্রেফতার হলে অভিযান পরিচালনাকারী কর্মকর্তা আসামী সম্পর্কে তথ্য সংশ্লিষ্ট থানায় মৌখিক বা লিখিত আকারে প্রদান করবেন।

**প্লাটুন ইনচার্জের দায়িত্ব ও কর্তব্য ঃ**

১৪। প্লাটুন ইনচার্জ প্রত্যহ কমান্ডান্টের নিকট সকল পুলিশ সদস্যের উপস্থিতি নিশ্চিত করবেন এবং সকাল ৯.৩০ ঘটিকায় ও বিকাল ৪.৩০ ঘটিকায় সকলের হাজিরা প্যারেড গ্রহণ করবেন ও কমান্ডান্টের নিকট মর্নিং রিপোর্ট প্রদান করবেন।

১৫। কোন পুলিশ সদস্যের ছুটি, রেশন, ID কার্ড তথা সমগ্র কার্যাদি বাংলাদেশ পুলিশের নিয়মানুসারে প্রতিপালিত হবে।

১৬। দুদক হাজতখানা ও অস্ত্রাগারের ইনচার্জ হিসেবে হাজতখানার সার্বিক নিরাপত্তা, পরিস্কার পরিচ্ছন্নতা, গোলাবারুদের হিসাব সংরক্ষন করবেন।

১৭। কোন প্লাটুন সদস্য কর্তৃক বিধি পরিপন্থি কার্যক্রম অনুষ্ঠিত হলে লিখিত আকারের কমান্ড্যান্টের নিকট পেশ করবে।

১৮। প্লাটুন ইনচার্জ প্লাটুন সদস্যগণের অবাসস্থল, রান্নাঘর, শৌচাগার ইত্যাদির সকল বিষয় সম্পর্কে কল্যাণার্থে কার্যক্রম গ্রহণ করবেন।

**কমান্ডান্টের দায়িত্ব ও কর্তব্য ঃ**

১৯। প্লাটুন সদস্যদের হাজিরা নিশ্চিত করবেন, হাজতখানা, অস্ত্রাগারের তথা দুদকের সার্বিক নিরাপত্তা প্রদান করবেন।

২০। অভিযান পরিচালনাকালে প্রয়োজনীয় Force প্রদান করবেন।

২১। প্লাটুন সদস্যদের ছুটি/রেশন/ID কার্ড তথা সকল আইনগত সুযোগ-সুবিধা প্রদান করবেন।

**পরিদর্শন ঃ**

২২। দুদক সচিব মহোদয় বাৎসরিক কমপক্ষে ০১ (এক) বার, মহাপরিচালক (প্রশাসন) বাৎসরিক কমপক্ষে ০২ (দুই) বার প্লাটুন ব্যারাক, হাজতখানা, অস্ত্রাগার পরিদর্শন করবেন।

২৩। এটি জারির দিন থেকে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

তারিখ : ৩০ অক্টোবর ২০১৭ খ্রিঃ

## রেকর্ড রুম ম্যানুয়াল

**নং দুদুক/প্রশাঃ ও লজিঃ/১৮/২০১৭/৩২৬৬০, ভূমিকা ঃ** যে কোন অফিস ব্যবস্থাপনায় নিয়মতান্ত্রিক পদ্ধতিতে রেকর্ড সংরক্ষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। সরকারি দপ্তরসমূহের কার্যক্রম প্রধানত রেকডপত্র হওয়ায় রেকর্ড ব্যবস্থাপনার বিশেষ গুরুত্ব বহন করে। তবে বাস্তব অবস্থা বিবেচনায় সরকারি দপ্তরসমূহের বেশিরভাগের রেকর্ড ব্যবস্থাপনা অত্যন্ত দুর্বল। এর ফলে সময়মত রেকর্ড না পাওয়া, হারিয়ে যাওয়া, বিনষ্ট হওয়া বা অসাধুতার চর্চা হিসেবে ইচ্ছাকৃতভাবে রেকর্ড বিনষ্ট করে দেওয়া আমাদের সরকারি দপ্তরসমূহের অনেকগুলিতেই একটি সংস্কৃতি হয়ে দাঁড়িয়েছে। আবার, রেকর্ডভিত্তিক সরকারি ব্যবস্থায় এ রেকর্ড ব্যবস্থাপনার দুর্বলতার কারণে সরকারের অনেক সিদ্ধান্তই দ্রুত গ্রহণ করা সম্ভব হয় না, আবার অনেক ক্ষেত্রে মামলা-মোকদ্দমায় সরকারের অবস্থান দুর্বল হয়। দুর্নীতি দমন কমিশনের মূলত কাজ প্রকার, (১) প্রতিকারমূলক ও (২) প্রতিরোধমূলক। এর মধ্যে দুর্নীতি প্রতিকারমূলক কাজের সাথে জড়িত সকল নথিপত্র আদালতে উপস্থাপনের সাথে জড়িত থাকায় এ সকল রেকর্ড অত্যন্ত গুরুত্বপূর্ণ। অপরদিকে, মামলায় সাথে জব্দকৃত আলামতসমূহও রেকর্ড হিসেবে গুরুত্বপূর্ণ হওয়ায় সেগুলিও রাখার একটি পৃথক ব্যবস্থা থাকা প্রয়োজন। এ লক্ষ্যে দুর্নীতি দমন কমিশনের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসেবে কমিশনের প্রয়োজনে একটি পূর্ণাঙ্গ রেকর্ড রুম স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**১। রেকর্ড ম্যানুয়াল প্রস্তুতির উদ্দেশ্য ঃ**

যে উদ্দেশ্যকে সামনে রেখে রেকর্ডরুম ম্যানুয়েল প্রস্তুত করা হচ্ছে তাতে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর থাকা বাঞ্ছনীয়-

- কীভাবে রেকর্ড এবং আর্কাইভ নষ্ট হয় এবং এতে পরিবেশগত ও স্বাস্থ্যগত কী কী ক্ষতি রয়েছে;
- একটি সুপরিকল্পিত রেকর্ড সংরক্ষণ ব্যবস্থাপনা কীভবে প্রস্তুত করা যায়;
- সকল মাধ্যমের রেকর্ডসমূহের জন্য একটি উন্নত রেকর্ড ব্যবস্থাপনা পদ্ধতি কীভাবে প্রস্তুত করা যায়, সেটি ডকুমেন্ট, পেপার ক্লিপিংস, ফটোগ্রাফ কিংবা ইলেকট্রনিক রেকর্ড ইত্যাদি।
- প্রয়োজনে যে কোন তথ্য তাৎক্ষনিকভাবে প্রাপ্তি/উপস্থাপনের ক্ষেত্রে সংরক্ষিত রেকর্ড কীভাবে সাহায্য করতে পারে;
- রেকর্ড সংরক্ষণের সাথে নিরাপত্তার বিষয়টি কীভাবে সম্পৃক্ত;
- নিয়মিত কী কী পদক্ষেপ গ্রহণের ফলে রেকর্ড রুম ব্যবস্থাপনা আরও উন্নত করা যায়।

**২। দুর্নীতি দমন কমিশনের রেকর্ড রুম ও এর অবকাঠামোগত দিক ঃ**

দুর্নীতি দমন কমিশনের রেকর্ড রুম স্থাপনের জন্য পশ্চিম পার্শ্বের ভবনের তিন তলায় একটি রুম (৩৮′৮″×৩৫′৬″) রয়েছে। এর পশ্চিম পার্শ্বে বারান্দার দিকে তিনটি দরজা এবং সংযুক্ত একটি প্রক্ষালন কক্ষ রয়েছে। প্রস্তাবিত রেকর্ডরুম হিসেবে এটি উপযুক্ত তবে এতে অবকাঠামোগত নিম্নোক্ত সুযোগ-সুবিধা সংযুক্ত করতে হবে।

- উত্তর পূর্ব ও পশ্চিম পাশ্বের্র দরজা, জানালাসমূহকে এমনভাবে সিলড করতে হবে যেন কোনভাবেই কোন ব্যক্তি মূল প্রবেশদ্বার ব্যতীত অন্য কোনভাবে এতে প্রবেশ করার সুযোগ না পায়;
- রেকর্ডরুমের জানালার বহিরাংশে লোহার নেট এবং ভিতরের অংশে কাঁচ দিয়ে বাতাস প্রতিরোধী ব্যবস্থা গড়ে তোলা। তবে দিনে বেলায় বাতাস প্রবেশের সীমিত ব্যবস্থা রাখা যেতে পারে;
- সম্পূর্ণ রেকর্ডরুমটি সার্বক্ষণিক শীতাতপ নিয়ন্ত্রিত হতে হবে;
- রেকর্ডরুমে পর্যাপ্ত আলোক ব্যবস্থা নিশ্চিত করা প্রয়োজন;
- রেকর্ডরুমের আর্দ্রতা যাতে রেকর্ড সংরক্ষণের উপযোগী থাকে সে লক্ষ্যে যথাযথ কারিগরী দিক বিবেচনা করে কক্ষপ্রস্তুত করতে হবে।
- কমিশনের রেকর্ড রুমে ইলেকট্রিক ব্যবস্থাপনার ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকার বৈদ্যুতিক ব্যবস্থাপনা বিবেচনায় রেখে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে যথোপযুক্ত বৈদ্যুতিক ব্যবস্থা গড়ে তোলা;
- ফায়ায় সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহায়তায় পর্যাপ্ত অগ্নিনির্বাপক ব্যবস্থা রাখা প্রয়োজন;
- ধুলাবালি, পোকামাকড় ও ইঁদুর যাতে কোনভাবে রেকর্ড বিনষ্ট করতে না পারে সেজন্য যথাযথ কারিগরী ব্যবস্থা, কীটনাশক ব্যবহার ও নিশ্ছিদ্র ব্যবস্থা থাকা প্রয়োজন;
- বিএডিসি এর সহায়তায় প্রয়োজনীয় কীটনাশক ব্যবহার করা যেতে পারে;
- রেকর্ডরুমে পর্যাপ্ত সংখ্যক সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করা প্রয়োজন।

**৩। রেকর্ডরুমের জন্য প্রয়োজনীয় জনবল ঃ**

- ০১ জন রেকর্ড কিপার (ন্যূনতম ২য় শ্রেণির পদ)
- ০১ জন রেকর্ড সহকারী (অফিস সহকারী/সমমর্যাদার পদ)
- ০২ জন রেকর্ড সংরক্ষণ সহায়ক (অফিস সহায়ক সমমর্যাদার পদ)
- ০২ জন কনস্টেবল (নিরাপত্তা রক্ষী হিসেবে)

৪। **রেকর্ডরুমের প্রবেশ সংক্রান্ত ঃ**

- রেকর্ডরুমের প্রবেশদ্বারের বাইরে ১ জন সার্বক্ষণিক কনস্টেবল থাকতে হবে, যিনি রেকর্ডরুমের বাইরের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন;
- রেকর্ড কিপার ও রেকর্ড সহকারী ব্যতীত অন্যকেউ রেকর্ডরুমের মূল কক্ষে প্রবেশ করতে পারবে না;
- শুধুমাত্র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী, যারা রেকর্ড সংরক্ষণ কিংবা রেকর্ড তল্লাশী গ্রহণের সঙ্গে সম্পৃক্ত তারা রেকর্ড কিপারের রুমে রিকুইজিশন পত্রসহ দেখা করবেন।

৫। **রেকর্ডরুমের পরিকল্পিত অবকাঠামো সৃষ্টি ও রক্ষণাবেক্ষণ ঃ**

- ধুলা-ময়লা, কীটপতঙ্গমুক্ত একটি পরিবেশে থাকতে হবে;
- বিশেষত ইঁদুর নিধনের উপযুক্ত ব্যবস্থা থাকতে হবে;
- রেকর্ডরুমের ভেতরের আর্দ্রতা রেকর্ড সংরক্ষণ উপযোগী হতে হবে;
- পানি বা স্যানিটারি ব্যবস্থা যাতে কোনভাবে রেকর্ডকে বিনষ্ট করতে না পারে তেমন উপযুক্ত ব্যবস্থা থাকতে হবে।

৬। **যে সকল নথি ও রেকর্ডপত্র রেকর্ডরুমে থাকবে ঃ**

- নথি
- বার্ষিক বা বিভিন্ন মেয়াদি প্রতিবেদন
- জব্দকৃত মালামালসমূহ
- ইলেকট্রনিক প্রমাণাদিসমূহ

৭। **নথি/রেকর্ড বিন্যস্তকরণ ও সংরক্ষণের নিয়মাবলি ঃ**

রেকর্ড বা নথি সঠিকভাবে বিন্যস্তকরণ রেকর্ড সংরক্ষণের একটি অতি গুরুত্বপূর্ণ কাজ। এ লক্ষ্যে যে সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে তা হলো-

(ক) কমিশনের প্রতিটি অনুবিভাগের অধীন একটি করে 'রেকর্ড যাচাই-বাছাই কমিটি' গঠন করতে হবে। উক্ত কমিটি প্রতি ০৩ মাসে একবার সভা করে কোন কোন রেকর্ডের বর্তমান প্রয়োজনীয়তা শেষ হয়েছে তা নির্ধারণ করে রেকর্ডরুমে প্রেরণের নিমিত্ত একটি তালিকা প্রস্তুত করবেন। রেকর্ডরুমে যাতে অপ্রয়োজনীয় রেকর্ডপত্র রাখা না হয় সেদিকে নজর রাখতে হবে। এরপর উক্ত তালিকার রেকর্ডপত্রসমূহ যথাযথভাবে প্রেরণের জন্য কনসাইনমেন্ট বান্ডেল প্রস্তুত করবেন। কনসাইনমেন্টকৃত রেকর্ড মহাপরিচারক (প্রশাসন)-এর নিকট প্রেরণ করবেন।

(খ) মহাপরিচালক (প্রশাসন)-এর দপ্তর কর্তৃক রেকর্ডসমূহ প্রাপ্তির পর কনসাইনমেন্টের একটি তালিকা নিজ দপ্তরের সংরক্ষণপূর্বক রেকর্ডকিপারের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করবেন।

(গ) রেকর্ডকিপার মহাপরিচালক (প্রশাসন)-এর দপ্তর হতে রেকর্ডসমূহ প্রাপ্তির পর রেকর্ড সহকারী ও রেকর্ড সংরক্ষণ সহায়কের সহয়োগিতায় রেকর্ডকিপার কনসাইনমেন্টসমূহ রেকর্ড ইন-রেজিস্টার ও ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনা সফটওয়ারে প্রথমে এন্ট্রি প্রদান করবেন। এরপর, আর্দ্রতা ও পোকামাকড়নিরোধী মোটা পলিথিন ব্যাগ (পার্শ্বচিত্রে নমুনা প্রদর্শিত, যা পৃথকভাবে প্রস্তুতকৃত)-তে ভরে রাখবেন। এরপর, রেকর্ডসম্বলিত পলিথিন ব্যাগটির উপর ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনা সফটওয়্যার কর্তৃক স্বংক্রিয়ভাবে (System Generated) প্রদত্ত একটি রেফারেন্স নম্বরটি একটি আঠালো (Ahesive) কাগজে লিখে তাঁর উপর সেঁটে দিতে হবে। এর পরবর্তীতে রেকর্ড খোঁজার সময় উক্ত রেফারেন্স নম্বর উপর থেকে দেখেই নির্দিষ্ট রেকর্ড সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে।

**রেকর্ড সংরক্ষণকারী প্লাস্টিক ব্যাগ**

(ঘ) পলিথিন ব্যাগের মধ্যে রাখা কনসাইনড রেকর্ডসমূহ 'রেকর্ড সংরক্ষণ বাক্স' (ন্যূনতম ১/২-১/৩″ ইঞ্চি মোটা কার্টন পেপার দ্বারা বিশেষভাবে প্রস্তুতকৃত যা নীচের দেখানো হলে) এর মধ্যে রেখে অনুবিভাগ অনুযায়ী নির্ধারিত র‍্যাকের নির্ধারিত সারি ও কলামে সেটি রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত 'রেকর্ড সংরক্ষণ বাক্স'গুলি প্রত্যেক অনুবিভাগের জন্য পৃথক রংয়ের হতে হবে, যাতে একনজরে বোঝা যায় কোন কোন রেকর্ডগুলি কোন অনুবিভাগের।



রেকর্ড সংরক্ষণ বাক্স

(ঙ) কনসাইনড রেকর্ডসমূহ রেকর্ড সংরক্ষণ বাক্সে রাখার পর প্রত্যেকটি বাক্সের উপর একটি বক্স নম্বর থাকতে হবে। উক্ত বক্স নম্বরটিও সফটওয়্যারে সংরক্ষিত থাকবে এবং সে অনুযায়ী কোন রেকর্ডটি কত নম্বর বাক্সে রয়েছে তাও চিহ্নিত করার সুযোগ থাকবে। একটি বক্সের মধ্যে একাধিক কনসাইনড রেকর্ড থাকতে পারে। এটি নির্ভর করবে রেকর্ডের ভলিউমের উপর।

(চ) রেকর্ড সংরক্ষণ বাক্সে থাকা কনসাইনড রেকর্ডসমূহ প্রয়োজনীয় সংখ্যক র‍্যাকের মধ্যে নম্বর অনুক্রমে সাজিয়ে রাখতে হবে। এক্ষেত্রে প্রত্যেকটি র‍্যাকের যেমন পৃথক নম্বর হবে তেমনি প্রত্যেকটি ব্যাকের প্রত্যেকটি সারি/সেল বা ব্লকভিত্তিকভাবে নম্বর প্রদান করতে হবে।



৮। **রেকর্ডরুমে রেকর্ড প্রেরণ ও গ্রহণ পদ্ধতি ঃ** সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুচ্ছেদ ৮৮-১০২ মোতাবেক নথির রেকর্ড সূচিকরণ, শ্রেণিবিন্যাসকরণ, সংরক্ষণ ও রেকর্ড বাছাই ও বিনষ্টকরণ নিয়মাবলি বিধৃত হয়েছে। উক্ত নিয়মাবলি অনুসরণপূর্বক প্রত্যেক অনুবিভাগের সংশ্লিষ্ট মহাপরিচালক একটি "রেকর্ড যাচাই-বাছাই ও সংরক্ষণ কমিটি" গঠন করবেন।

প্রত্যেক অনুবিভাগ কর্তৃক গঠিত রেকর্ড যাচাই-বাছাই ও সংরক্ষণ কমিটি প্রতি ০৩ (তিন) মাসে একবার সভা আহবান করবেন এবং উক্ত সভায় সংশ্লিষ্ট অনুবিভাগে রক্ষিত রেকর্ডপত্রের কোনগুলি রেকর্ডরুমে প্রেরণযোগ্য তার তালিকা নির্ধারণ করবেন। তালিকা প্রস্তুত করার পর রেকর্ডসমূহ যথাযথভাবে হস্তান্তরের উদ্দেশ্যে কনসাইনমেন্ট (Consignment) প্রস্তুত করতে হবে। উক্ত কনসাইনমেন্টে নথি বা অন্য যে কোন রেকর্ডগুলি একটি প্যাকেট/গ্রুপ হিসেবে একত্রিত করে রেকর্ডরুমে সংরক্ষণ উপযোগী করতে হবে।

রেকর্ডরুমে প্রেরণযোগ্য তালিকাসহ সংশ্লিষ্ট কনসাইনমেন্টকৃত রেকর্ডসমূহ মহাপরিচালক (প্রশাসন)-এর নিকট রেকর্ডরুমের সংরক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবেন। মহাপরিচালক (প্রশাসন) রেকর্ডরুমের কাস্টডিয়ান হিসেবে তাঁর অধীন রেকর্ডরুমে রেকর্ডপত্রসহ প্রেরণ করবেন।

রেকর্ড কিপার মহাপরিচালক (প্রশাসন) হতে প্রাপ্ত সংরক্ষণযোগ্য রেকর্ড ও তালিকা সঠিকভাবে শ্রেণিবিন্যাসপূর্বক সংরক্ষণের উদ্দেশ্যে ০২ টি রেজিস্টার সংরক্ষণ করবেন।

(ক) রেকর্ড-ইন রেজিস্টার; ও

(খ) রেকর্ড-আউট রেজিস্টার।

(ক) **রেকর্ড-ইন রেজিস্টার ঃ** এই রেজিস্টারে রেকর্ড কিপার প্রত্যেকটি রেকর্ড কনসাইনমেন্ট আকারে প্রাপ্তির পর সেদিনই রেজিস্টারে অন্তর্ভুক্ত করবেন। (রেজিস্টারের ছক সারণী-"ক" তে দ্রষ্টব্য)। রেকর্ড প্রদানকারীর স্বাক্ষর ও তারিখ গ্রহণ করবেন এবং প্রদানকারীকে রেকর্ড বুঝে পেয়েছেন এই মর্মে একটি পৃথক ফর্মে প্রাপ্ত রেকর্ডসমূহ উল্লেখ করে একটি হস্তান্তর প্রতিবেদন দিবেন।

(খ) **রেকর্ড-আউট রেজিস্টার ঃ** রেকর্ড-আউট রেজিস্টার মূলত কমিশনের চলমান কাজের সাথে পূর্বোক্ত কাজের কোন সম্পৃক্ততার কারণে সংরক্ষিত রেকর্ডসমূহের কোন প্রয়োজনের প্রেক্ষিতে চাহিত রেকর্ডসমূহ প্রদানের সংশ্লিষ্ট তথ্যসম্বলিত রেজিস্টার। রেজিস্টারের ছক সারণী-"খ" তে প্রদর্শিত।

৯। **রেকড-ইন ও রেকর্ড-আউট পদ্ধতি ঃ**

একইসাথে প্রাপ্ত রেকর্ডসমূহকে ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনার আওতায় (পরবর্তী অনুচ্ছেদে দ্রষ্টব্য) দুদকের সংশ্লিষ্ট অনুবিভাগ, একই শ্রেণিভুক্ত রেকর্ডের অবস্থান, রেকর্ডের শ্রেণি ইত্যাদি বিবেচনায় প্রস্তুতকৃত সফটওয়্যারে এন্ট্রি দিলে তার একটি রেফারেন্স আইডি প্রদান করবে যেখানে উক্ত রেকর্ডটি সংরক্ষণের একটি অবস্থান স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শন করবে। উক্ত রেফারেন্স আইডি রেকর্ড-ইন রেজিস্টারের ৮নং কলামে লিপিবদ্ধ করে উক্ত নির্দিষ্ট অবস্থানে (র‍্যাক/সারি/কলাম) রেকর্ডটি যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন।

ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনার আওতায় সকল রেকর্ডসমূহকে রেকর্ডরুমের কত নম্বর র‍্যাক, উক্ত র‍্যাকের কত নম্বর সারি ও কত নম্বর কলামে রয়েছে তা নিশ্চিত করবে। তাই, কোন রেকর্ড রিকুইজিশন দেয়া হয়ে রেকর্ডকিপার প্রথমে ডিজিটাল রেকর্ড ম্যানেজমেন্ট সফটওয়্যারে যাচাই করে নেবেন, উক্ত রেকর্ড আদৌ রেকর্ডরুমে সংরক্ষিত রয়েছে কি-না এবং থাকলে তার অবস্থান কোথায়।

রেকর্ডরুমে সংরক্ষিত কমিশনের যে কোন রেকর্ড প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট অনুবিভাগের মহাপরিচালকের স্বাক্ষরে নির্ধারিত 'রিকুইজিশন ফরম' যথাযথভাবে পূরণপূর্বক মহাপরিচালক (প্রশাসন)-এর নিকট দাখিল করবেন। মহাপরিচালক (প্রশাসন) উক্ত রিকুইজিশন ফরমে রেকর্ড কাস্টডিয়ান হিসেবে প্রতিস্বাক্ষরপূর্বক সরাসরি রেকর্ডকিপারের নিকট প্রেরণ করবেন। রিকুইজিশন সংশ্লিষ্ট কোন বিষয় ব্যত্যয় পরিলক্ষিত হলে রেকর্ড কিপার বিষয়টি মহাপরিচালক (প্রশাসন)-এর গোচরে আনবেন এবং তাঁর পরামর্শমতে ব্যবস্থা গ্রহণ করবেন।

দাখিলকৃত রিকুইজিশন ফরম প্রাপ্তির পর রেকর্ড কিপার রেকর্ডরুম হতে রেকর্ড সংগ্রহপূর্বক রেকর্ড-আউট-রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ করবেন এবং একইসাথে ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনা সফটওয়্যারে উক্ত রেকর্ড-আউট মডিউলে এন্ট্রি প্রদান করবেন। প্রেরিত প্রতিনিধির রিকুইজিশন পত্রের সাথে সংশ্লিষ্ট অনুবিভাগের প্রেরিত প্রতিনিধির নিকট রেকর্ড হস্তান্তর করবেন।

রেকর্ড কিপার সমস্ত 'রিকুইজিশন ফরম' সপ্তাহভিত্তিক/মাসভিত্তিক, যেভাবে সংরক্ষণ করা উপযুক্ত মনে করবেন তা নিজস্ব লকারে সঠিকভাবে সংরক্ষণ করবেন। একইসাথে, প্রতিমাসে রেকর্ডরুমে আগত ও রেকর্ডরুম হতে ইস্যুকৃত সকল রেকর্ডসমূহের তালিকা পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে মহাপরিচালক (প্রশাসন)-এর নিকট দাখিল করবেন।

**১০। ডিজিটাল রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেম ও রেকর্ড আর্কাইভিং সফটওয়্যার ঃ**

সঠিকভাবে রেকর্ড সংরক্ষণ, তল্লাশি, সরবরাহ, গতিবিধি ইত্যাদি সার্বিক ব্যবস্থাপনার জন্য ডিজিটাল রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেম ছাড়া কমিশনের রেকর্ডসংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিবীক্ষণ করা সম্ভব নয়। তাই এ লক্ষ্যে অন্তত প্রাথমিক পর্যায়ে একটি ডিজিটাল রেকর্ড ম্যানেজমেনট সফটওয়্যার আবশ্যিকভাবে থাকা উচিৎ। এত, সময়, খরচ যেমন উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে তেমনি সুবিন্যস্তভাবে রেকর্ড সরক্ষণ করাও সম্ভব হবে। অপরদিকে, রেকর্ড আর্কাইভিং সফটওয়্যারটি একটি দীর্ঘমেয়াদী পরিকল্পরার অংশ হতে পারে যেখানে সংরক্ষিত সকল রেকর্ডগুলি ডিজিটালাইজ করে কমিশনের সার্ভারে রাখা যাবে।




**ডিজিটাল রেকর্ড ম্যানেজমেন্ট সফটওয়্যারের একটি নমুনা**

ডিজটাল রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেমে নিম্নোক্ত দিকগুলি থাকতে হবে-

(ক) যে রেকর্ডটি সংরক্ষণের জন্য রেকর্ড কিপার কর্তৃক গ্রহণ করা হল তার স্মারক নম্বর, গ্রহণের তারিখ, নথি/রেকর্ডের নম্বর, কোন বিষয়ের নথি তার সংক্ষিপ্তরূপ (যাতে সহজে সার্চ অপসন থেকে পাওয়া যায়), সংশ্লিষ্ট অনুবিভাগের নাম ইত্যাদি তথ্য রেকর্ড-ইন ইন্টারফেসে থাকতে হবে;

(খ) এমনভাবে সফটওয়্যারটি প্রস্তুত হবে যাতে সংশ্লিষ্ট যে অনুবিভাগের রেকর্ড, সিস্টেম যেন স্বয়ংক্রিয়ভাবে সেই অনুবিভাগের জন্য রেকর্ড রুমের যে ব্লকটি ধার্য করা থাকবে সেই ব্লকের খালি অবস্থানটি নির্দেশ করে। সাধারণত এটি পূর্ববর্তী শেষ রেকর্ড সংরক্ষণ বাক্সের পরবর্তী নম্বরটি ধরেই হিসেব করবে;

(গ) রেকর্ড কিপার যখন নিশ্চিত হবেন যে, গৃহীত রেকর্ডটির ঠিকানা কী হবে, তখন তিনি কনসাইনড রেকর্ডটিকে পূর্বে বর্ণিত উপায়ে প্যাকিং করবেন। এরপর এর ধার্যকৃত অবস্থানে সংরক্ষণের জন্য সফটওয়্যারে এন্ট্রি দিলে এটি সহজেই একটি রেফারেন্স নম্বর (System Generated) প্রদান করবে। উক্ত রেফারেন্স নম্বরটি Unique হবে এবং উক্ত রেফারেন্স নম্বর দিয়ে সার্চ দিলে সংশ্লিষ্ট রেকর্ডটির যাবতীয় পূর্বাপর ইতিহাস (ইন-আউট, অবস্থান ইত্যাদি) দেখা যাবে।

(ঘ) সফটওয়্যারের সার্চ অপশনটি নানাভাবে বিন্যস্ত করা থাকতে হবে যাতে অনুবিভাগ, বিষয়বস্তু, নথি নম্বর, রেকর্ডের শ্রেণি, র‌্যাক ইত্যাদি বিভিন্ন ক্যাটাগরিতে সার্চ দিয়ে যে কোন রেকর্ডের অবস্থান ও গতিবিধি জানা যায়।

(ঙ) রেকর্ড-আউট বা ইস্যু করার সময় রিকুইজিশন নম্বর, রিকুইজিশনকারী অনুবিভাগ, আদেশের তারিখ, প্রতিনিধির নাম, পদবি, গ্রহণের তারিখ, সম্ভাব্য ফেরত প্রদানের তারিখ ইত্যাদি সকল ফিল্ড থাকতে হবে।

(চ) মোট কতটি রেকর্ড বর্তমানে রেকর্ডরুমে সংরক্ষিত আছে, কতটি শূন্যস্থান রেকর্ড গ্রহণের জন্য এখনও অবশিষ্ট রয়েছে ইত্যাদি তথ্য থাকতে হবে যাতে ব্যবস্থাপনাগত দিক হতে রেকর্ডরুমকে সবসময়ই কার্যকর অবস্থায় রাখা যায়।

(ছ) অনুবিভাগ বা কোন নির্দিষ্ট কর্মকর্তাভিত্তিক কার নামে কতটি রেকর্ড এ পর্যন্ত ইস্যু করা হয়েছে কিন্তু এখনও ফেরত প্রদান করা হয়নি, তার তালিকাও প্রদর্শনের সুযোগ সফটওয়্যারে থাকবে।

(জ) সময়ে সময়ে নির্ধারিত চাহিদার ভিত্তিতে সফটওয়্যারে নতুন ক্ষেত্র সংযোজনের সুযোগও থাকতে হবে।

**১১। রেকর্ড কিপারের কার্যাবলি ঃ**

রেকর্ডরুম ব্যবস্থাপনার সার্বিক দায়িত্ব রেকর্ড কিপারের। এ লক্ষ্যে তার অধীন কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে রেকর্ড কিপার নিম্নোক্ত দায়িত্ববলি পালন করবেন

(ক) মহাপরিচালক (প্রশাসন)-এর সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে রেকর্ড কিপার কাজ করবেন;

(খ) রেকর্ডরুমের অবকাঠামোগত তত্ত্বাবধান করা এবং প্রয়োজনীয় সংস্কারের উদ্যোগ গ্রহণ করা;

(গ) রেকর্ডরুমকে রেকর্ড সংরক্ষণের জন্য হস্তান্তরের পর হতে এর অভ্যন্তরীণ সকল প্রকার ব্যবস্থাপনার জন্য রেকর্ড কিপার দায়ী থাকবেন;

(ঘ) রেকর্ড গ্রহণ, রেজিস্টার ও সফটওয়্যারে লিপিবদ্ধকরণ, সঠিক স্থানে যথাযথভাবে সংরক্ষণ, অনুমোদিত রিকুইজিশনের ভিত্তিতে রেকর্ড হস্তান্তর ইত্যাদি সামগ্রিক দায়িত্ব রেকর্ড কিপার পালন করবেন;

(ঙ) অধীন কর্মকর্তা কর্মচারীদের নিয়ন্ত্রণ ও একটি টিমের লিডার হিসেবে সার্বিক কার্যাদি সম্পন্ন;

(চ) ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনার জন্য নির্মিত সফটওয়্যারটি সঠিকভাবে পরিচালনা করা;

(ছ) রেকর্ডরুম পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, অভ্যন্তরীন আর্দ্রতা ও সার্বিক পরিবেশ রেকর্ড সংরক্ষণের উপযোগী রাখা;

(জ) কোনো রেকর্ড হারিয়ে যাওয়া, চুরি হওয়া, বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হওয়ার ক্ষেত্রে সর্বাধিক সতর্কতা অবলম্বন করা;

(ঝ) কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সংশ্লিষ্ট ও অন্যান্য দায়িত্ব পালন করা।

১২। এ রেকর্ডরুম ম্যানুয়েল জারির দিন থেকে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

**ড. মোঃ শামসুল আরেফিন**
সচিব।

সারণী-ক

## রেকর্ড-ইন-রেজিস্টার নমুনা

| ক্রমিক নং | রেকর্ড প্রেরণকারী অনুবিভাগ | রেকর্ডের শ্রেণি (নথি/প্রতিবেদন/ইলেকট্রনিক দলিলাদি/পেপারক্লিপিং/ অন্যান্য) | রেকর্ডের নম্বর/নাম (নথির নম্বর) | প্রদানের তারিখ | প্রদানকারীর স্বাক্ষর | গ্রহণকারীর স্বাক্ষর | রেকর্ড পোস্টিং রেফারেন্স আইডি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

সারণী-খ

## রেকর্ড-আউট-রেজিস্টার নমুনা

| ক্রমিক নং | রেকর্ড পোস্টিং রেফারেন্স আইডি | রেকর্ডের শ্রেণি (নথি/প্রতিবেদন/ ইলেকট্রনিক দলিলাদি/ পেপার ক্লিপিং/ অন্যান্য) | রিকুইজিশন কারী অনুবিভাগ | রিকুইজিশনের তারিখ | রিকুইজিশনের স্মারক নং | রেকর্ড গ্রহণকারীর নাম | রেকর্ড গ্রহণকারীর স্বাক্ষর ও তারিখ | রেকর্ড কিপারের স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

**নমুনা ছক-১**

**রেকর্ড রিকুইজিশন ফরম**

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা

রেকর্ড রিকুইজিশন ফরম

চাহিদাপত্র প্রেরণকারী অনুবিভাগের নাম ঃ

অনুবিভাগের স্মারক নম্বর ঃ তারিখ ঃ

রেকর্ডের শ্রেণি (নথি/প্রতিবেদন/ইলেকট্রনিক দ্রব্যাদি/পেপারক্লিপিংস/অন্যান্য ঃ

চাহিত রেকর্ডের নম্বর (যদি থাকে) ঃ

সম্ভাব্য ফেরত প্রদানের তারিখ ঃ

রেকর্ড গ্রহণের জন্য প্রেরিত প্রতিনিধির নাম ও পদবি ঃ

প্রেরিত প্রতিনিধির নমুনা স্বাক্ষর ঃ

..................................................................

**অনুবিভাগ মহাপরিচালকের স্বাক্ষর, সীল ও তারিখ**

..................................................................

**মহাপরিচালক (প্রশাসন)-এর স্বাক্ষর, সীল ও তারিখ**

---

**কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়, ঢাকা**

**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ কার্তিক ১৪২৪ বঃ/২২ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪১.৩০০০.০০৯.১৮.০০১.১৭-৭৯৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নং, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| (১) | নাম ঃ মোঃ শাহাদাত হোসেন, পরিচিতি নং ঃ ১৭৬০৩, সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়ে যোগদানকৃত, নিজ জেলা ঃ লক্ষ্মীপুর। | উপজেলা ভূমি অফিস, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ । |

২। বদলি/পদায়নকৃত সহকারী কমিশনার (ভূমি) কে জনবান্ধব ভূমি অফিসে ১৫ দিন সংযুক্ত রেখে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অনুরোধ করত অদ্য ২২-১০-২০১৭ তারিখ অপরাহ্নে অত্র কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোঃ নুরুন্নবী**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

### ভূমি অধিগ্রহণ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪১.৩০০০.০১০.০১৯.০০২.১০-১১৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নেবর্ণিত কানুনগোকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে সমপদে বদলি/সংযুক্তিতে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কানুনগোর নাম | বর্তমান কর্মস্থল | বদলি/সংযুক্তিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আতিকুর রহমান মজুমদার | সিদ্ধিরগঞ্জ রাজস্ব সার্কেল, নারায়ণগঞ্জ | এল, এ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নুরুন্নবী**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

---

### সাধারণ শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪১.৩০০০.০১২.১১.০৬৮.১৭-৩৩৪**—জেল কোড এর ১ম খণ্ড "দি বেঙ্গল জেল কোড" ১৯৩৭ এর ৫৬(২) নং বিধি এবং জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ এর প্রস্তাবমতে নিম্নবর্ণিত ০৭ (সাত) জন ব্যক্তিবর্গকে (৫ জন পুরুষ এবং ২ জন মহিলা) এ বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য কিশোরগঞ্জ জেলা কারাগারের বেসরকারি কারা পরিদর্শক হিসেবে নিয়োগ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, পিতা/স্বামীর নাম | ঠিকানা |
|---|---|---|
| (১) | জনাব মোঃ পারভেজ মিয়া, পিতা-মোঃ আবদুস ছোবহান | শোলাকিয়া, বুলবুল ভিলা মোড়, কিশোরগঞ্জ |
| (২) | জনাব শাহ আজিজুল হক, পিতা-মরহুম শাহ আব্দুস সালাম | ১২৮৪, শোলাকিয়া, খরমপট্টি, কিশোরগঞ্জ |
| (৩) | কাজী শাহীন খান, পিতা-মরহুম আলহাজ্ব ফজলুল করিম খান | আখড়া বাজার, উপজেলা-কিশেরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ |
| (৪) | জনাব সাইফুল হক মোল্লা দুলু, পিতা-মরহুম ফজলুল করিম মোল্লা | ১১৪১, শোলাকিয়া (মোল্লা বাড়ী), উপজেলা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ। |
| (৫) | জনাব সাকা উদ্দিন আহাম্মদ রাজন, পিতা-সামছু উদ্দিন আহাম্মদ | শহীদ খায়রুল রোড, আব্দুল হামিদ টাওয়ার, শোলাকিয়া, খরমপট্টি, উপজেলা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ |
| (৬) | জনাব গোলসান আরা বেগম, পিতা-মৃত মোঃ ইমাম হোসেন | মিথিলা হাউজ, শ্যামলী রোড, নগুয়া, উপজেলা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ |
| (৭) | জনাব মানছুরা জামান নতুন, পিতা-মরহুম মাওলানা মাহমুদুর রহমান | পুরান থানা, উপজেলা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ |

**নং ০৫.৪১.৩০০০.০১২.১১.০৬৮.১৭-৩৩৫**—জেল কোড এর ১ম খণ্ড "দি বেঙ্গল জেল কোড" ১৯৩৭ এর ৫৬(২) নং বিধি এবং জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ এর প্রস্তাবমতে নিম্নবর্ণিত ০২ (দুই) জন মাননীয় জাতীয় সংসদ সদস্যকে এ বিজ্ঞপ্তি জরির তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য কিশোরগঞ্জ জেলা কারাগারের বেসরকারি কারা পরিদর্শক হিসেবে নিয়োগ করা হলো ঃ

| | |
|---|---|
| (১) | জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক, মাননীয় সংসদ সদস্য-১৬৫, কিশোরগঞ্জ-৪, বাংলাদেশ জাতীয় সংসদ। |
| (২) | জনাব দিলারা বেগম, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত আসন নং-২০, বাংলাদেশ জাতীয় সংসদ। |

**এম বজলুল করিম চৌধুরী**
কমিশনার।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৫.৬১০০.০১৪.১৯.০০৪.১৬-৪১১(২৫)**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনারদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে নিয়োগ/বদলি করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নং ও নিজ জেলা | পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ মিজানুর রহমান<br>পরিচিতি নং-১৬৮৭৩<br>নিজ জেলা-শেরপুর | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে যোগদানকৃত | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর |

২। তিনি এ কার্যালয় হতে কোন বেতন-ভাতাদি গ্রহণ করেননি।

৩। বর্ণিত কর্মকর্তা এ কার্যালয় হতে অদ্য ২৪-১০-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে অবমুক্ত হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জি. এম. সালেহ উদ্দিন**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.১৭.৮২৫**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নং ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব নাসরিন আক্তার (১৭০২৬)<br>সহকারী কমিশনার<br>নিজ জেলা ঃ পিরোজপুর<br>স্পাউসের জেলা ঃ গোপালগঞ্জ। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৯-১০-২০১৭ তারিখের ০৫.০০.০০০০. ১৩৭. ১৮.১৬৪. ১৭-৪৩৪ নং প্রজ্ঞাপন মূলে এ কার্যালয়ে যোগদানকৃত) | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.০১৯.০১৫.১৭-৮২৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/ পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আরিফ-উজ-জামান (১৬২৬৪),<br>নিজ জেলা ঃ সাতক্ষীরা<br>স্পাউসের জেলা ঃ কুষ্টিয়া। | গাংনী, মেহেরপুর | যশোর সদর, যশোর |
| (২) | জনাব বিষ্ণুপদ পাল (১৬৮৮২),<br>নিজ জেলা ঃ বগুড়া<br>স্পাউসের জেলা ঃ বাগেরহাট। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ৩০-০৮-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০২.১৭-৩৯৮নং প্রজ্ঞাপন মূলে এ কার্যালয়ে যোগদানকৃত) | গাংনী, মেহেরপুর |

২। ০২ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা ২২-১০-২০১৭ তারিখ এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোন বেতন ভাতাদি প্রদান করা হয়নি।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**লোকমান হোসেন মিয়া**
বিভাগীয় কমিশনার।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.১৭-১০০৫**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাঁদের নামে পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে এতদ্দ্বারা বদলি/নিয়োগ করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবী, নিজ জেলা ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব তাছলিমা আক্তার (১৭২১২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা ঃ ভোলা<br>স্পাউসের জেলা ঃ যশোর। | উপজেলা ভূমি অফিস, মহেশপুর, ঝিনাইদহ | উপজেলা ভূমি অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহ |
| (২) | জনাব রোজিনা আক্তার (১৭৫৯২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা ঃ সাতক্ষীরা<br>স্পাউসের জেলা ঃ সাতক্ষীরা। | উপজেলা ভূমি অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহ | উপজেলা ভূমি অফিস, মহেশপুর, ঝিনাইদহ |

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**লোকমান হোসেন মিয়া**
বিভাগীয় কমিশনার।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২য়/ইটি-৭(২)/বদলী/সিঃকমিঃ/২০১১(অংশ-১)/৩৭১৯**—জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নথি নং ০৮.০১.০০০০.০১৩.০৭.০০১-১৬/৪৭১ তারিখ-২০-০৭-২০১৭ মোতাবেক বদলীর আদেশপ্রাপ্ত কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর নিম্নবর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ২৬-১০-২০১৭ তারিখ অপরাহ্নে তাঁর বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | বর্তমানকৃত কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল | ২০১৭ পঞ্জিকা বছরে ভোগকৃত নৈমিত্তিক ছুটির পরিমাণ (দিন) |
|---|---|---|---|---|
| (১) | জনাব রোমেন মিত্র<br>১০-১০-১৯৮৭ | তামাবিল এলসি স্টেশন প্রেষণে সদর দপ্তর, সিলেট | কাস্টমস হাউস, চট্টগ্রাম | ০৬ (ছয়) দিন |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শফিকুল ইসলাম**
কমিশনার।

---

**রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ**

**রেঞ্জ আদেশ**

তারিখ : ২৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৯১**—বার্ধক্যজনিত কারণে অবসর গ্রহণের আবেদনক্রমে নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক-কে তার নিজ জেলায় বদলী করা হ'ল ঃ

| ক্রমিক নং | নাম, বিপি নম্বর ও পদবী | পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং ও তারিখ | বদলীকৃত জেলার নাম |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ ইদ্রিস আলী,<br>বিপি-৫৯৭৭০১১৯৪৫,<br>শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক। | পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর স্মারক নং-জিএ/৩৬-২০১৬ (ইস্গঃ)/৩১৮৮ তারিখ ঃ ০৮-১০-২০১৭ খ্রিঃ মূলে সাতক্ষীরা জেলা হতে আগত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক ২৫-১০-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র দপ্তরের যোগদানকৃত। | ময়মনসিংহ জেলা |

উল্লেখ্য যে, উক্ত শহর বা যানবাহন পুলিশ পরিদর্শক-কে আগামী ০৬-০২-২০১৮ খ্রিঃ তারিখ বার্ধক্যজনিত কারণে অবসর প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

**নিবাস চন্দ্র মাঝি**
ডিআইজি।

## রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, চট্টগ্রাম

## রেঞ্জ আদেশ

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৪/১১ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং প্রশা/০৩-২০১৭/২১৪৬**—কুমিল্লা জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব শুভ রঞ্জন চাকমা (বিঃপিঃ নং-৭৮০৬১২৪০৭৪) এর চট্টগ্রাম রেঞ্জ দপ্তর আদেশ নং-প্রশা/০৩-২০১৭/২০৫৬, তারিখ ০৭-১০-২০১৭ খ্রিঃ মূলে বান্দরবান পার্বত্য জেলায় জারীকৃত বদলীর আদেশ আবেদনক্রমে এতদ্বারা বাতিল করা হ'ল ঃ

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. এস এম মনির-উজ-জামান** বিপিএম, পিপিএম
ডিআইজি।

---

## জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ

## (রাজস্ব শাখা)

## বিজ্ঞপ্তি

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৩০.৫৬০০.৩০২.২৪.০০৫.১৭-১৬৬৬/১(১৪০)**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা হতে সরবরাহকৃত নিম্নলিখিত ছকের ০২ নং কলামে উল্লিখিত দাখিলা বহির ০৩নং কলামে উল্লিখিত ত্রুটির কারণে ০৪নং কলামে বর্ণিত পাতার মূল ও কার্বন কপি এতদ্বারা বাতিল করা হলো ঃ

| ক্রমিক নং | বই নম্বর | দাখিলা বহির ত্রুটিপূর্ণ পাতার বিবরণ | বাতিলকৃত পাতা নম্বর |
|---|---|---|---|
| (১) | ডি ০০০৮০০১ হতে ডি ০০০৮১০০ পর্যন্ত ১০০ (একশত) টি পাতার ১ টি বহি। | ডি ০০০৮০০১ হতে ডি ০০০৮১০০ পর্যন্ত ১০০(একশত) পাতা উল্লেখ থাকলেও প্রকৃতপক্ষে ডি ০০০৮০৫৮ হতে ডি ০০০৮০৭১ পর্যন্ত ক্রমিক না হয়ে ডি ০০৭৮০৫৮ হতে ডি ০০৭৮০৭১ ক্রমিক হয়েছে। উক্ত বহির ডি ০০০৮০০১ হতে ডি ০০০৮০৫৭ পর্যন্ত এবং ডি ০০০৮০৭২ হতে ডি ০০০৮১০০ পর্যন্ত ঠিক আছে। অবশিষ্ট মূল ও কার্বন কপি ভিন্ন নম্বরে প্রিন্ট হয়েছে। | ডি ০০৭৮০৫৮ হতে ডি ০০৭৮০৭১ পর্যন্ত মূল ও কার্বন কপি। |

**মোঃ নাজমুছ সাদাত সেলিম**
জেলা প্রশাসক।

---

## বিজ্ঞপ্তি

তারিখ ঃ ১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৩০.৫৬০০.৩০২.০১.৬৩.২০১৭-১৬৭৬(সং)**—গত ২৮-০৯-২০১৭ খ্রিঃ তারিখে ঘিওর উপজেলাধীন মঠনালী মৌজার 'খ' তফসিলভুক্ত আর, এস ১০৩২ নং দাগের ০.৩৬ একর ১০৩৩নং দাগের ০.৪০ একর ১০২৫ নং দাগের ০.২০ একর ১০০৩ নং দাগের ০.১৩ একর মোট ১.০৯ একর জমি মালিকবিহীন থাকায় এস, এ এন্ড টি এ্যাক্ট ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক সরকারি সম্পত্তি হিসেবে ১নং খতিয়ানভুক্ত করা হলো।

এ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর ন্যস্ত হলো এবং জেলা প্রশাসক, মানিকগঞ্জ-এর খাস সম্পত্তিভুক্ত করা হলো। জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে এ খাস ঘোষণার বিজ্ঞপ্তি জারি করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

## তফসিল

জেলা-মানিকগঞ্জ, উপজেলা-ঘিওর, মৌজা-মঠনালী, জে এল, নং-১৫৯, আর এস খতিয়ান নং-২২৯।

| আর, এস দাগ নং | শ্রেণি | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ১০৩২ | নাল | ০.৩৬ |
| ১০৩৩ | নাল | ০.৪০ |
| ১০২৫ | ডোবা | ০.২০ |
| ১০০৩ | বাড়ী | ০.১৩ |
| | **সর্বমোট** | **১.০৯ একর** |

**মুহাম্মদ আশরাফ হোসেন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা**

**এল, এ শাখা**

**অধিগ্রহণের ঘোষণা/গেজেট বিজ্ঞপ্তি ১১(২) ধারার অধীনে**

**২০১৫-২০১৬ খ্রিঃ সনের সম্পত্তি অধিগ্রহণের মামলা নং-১০**

**ঘ-ফরম**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য করা হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা ঃ হরিণধরা, জে এল নং-৫৮, উপজেলা-বুড়িচং, জেলা-কুমিল্লা।

| বি, এস দাগ নং | বি, এস খতিয়ান নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ১৫৩ অংশে | ১৭৬ | ০.২৪০০ | ০.০০৫০ |
| ১৮৯ পূর্ণ | ১৭৬ | ০.২৫০০ | ০.২৫০০ |
| ২৭১ পূর্ণ | ১৭৬ | ০.২৮০০ | ০.২৮০০ |
| ১৫৪ অংশে | ৮১ | ০.১২০০ | ০.০১২০ |
| ১৬৫ অংশে | ১৪৪ | ০.৩৭০০ | ০.০৮০০ |
| ২৮৩ পূর্ণ | ১৪৪ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ১৬৬ অংশে | ১১৯ | ০.৩৮০০ | ০.০৩৫০ |
| ১৯২ পূর্ণ | ১১৯ | ০.১৬০০ | ০.১৬০০ |
| ১৬৭ অংশে | ৫৫ | ০.১৩০০ | ০.০৮৫০ |
| ১৬৮ পূর্ণ | ১৩ | ০.৪২০০ | ০.৪২০০ |
| ১৬৯ পূর্ণ | ৮৬ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ১৭৭ অংশে | ১১৫ | ০.৬০০০ | ০.৪৮০০ |
| ১৭৮ পূর্ণ | ১১২ | ০.২০০০ | ০.২০০০ |
| ১৭৬ অংশে | ১১৬ | ০.১৬০০ | ০.০৫০০ |
| ১৭৯ পূর্ণ | ১১৬ | ০.৩৬০০ | ০.৩৬০০ |
| ৪০৩ পূর্ণ | ১১৬ | ০.২৯০০ | ০.২৯০০ |
| ১৮০ পূর্ণ | ২৫৭, ৭১ | ২.০৭০০ | ২.৭০০০ |
| ১৯৮ অংশে | ২৫৭ | ০.৭০০০ | ০.৪৩০০ |
| ২৬৯ পূর্ণ | ২৫৭ | ০.৩১০০ | ০.৩১০০ |
| ১৮১ পূর্ণ | ১৬৭ | ০.১৬০০ | ০.১৬০০ |
| ১৮২ পূর্ণ | ৫৫ | ০.১২০০ | ০.১২০০ |
| ১৮৩ পূর্ণ | ১২৮ | ০.২৭০০ | ০.২৭০০ |
| ১৮৪ পূর্ণ | ১৯ | ০.৫৬০০ | ০.৫৬০০ |
| ১৮৫ পূর্ণ | ১৫৯ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ১৮৭ পূর্ণ | ১১০ | ০.১০০০ | ০.১০০০ |
| ১৯১ পূর্ণ | ১০৩ | ০.৩০০০ | ০.৩০০০ |
| ১৯৩ পূর্ণ | ২১১ | ০.২৩০০ | ০.২৩০০ |
| ১৯৪ পূর্ণ | ২১১, ২১ | ০.২১০০ | ০.২১০০ |
| ১৯৫ পূর্ণ | ১২৪ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ১৯৬ পূর্ণ | ১৩৩ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ১৯৭ পূর্ণ | ৮১ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ২০০ পূর্ণ | ১৪৮ | ০.৩০০০ | ০.৩০০০ |
| ২০১ অংশে | ১৯১ | ০.৩০০০ | ০.০৩০০ |
| ২৬৬ পূর্ণ | ৭১ | ০.১১০০ | ০.১১০০ |
| ২৭০ পূর্ণ | ২৪৬ | ০.৫০০০ | ০.৫০০০ |
| ৩০৩ পূর্ণ | ৫৫ | ০.১৯০০ | ০.১৯০০ |
| ৩৯১ পূর্ণ | ১০৮ | ০.১০০০ | ০.১০০০ |
| ২৬৪ অংশে | ১০২ | ০.২২০০ | ০.০১০০ |
| ৪০০ পূর্ণ | ১২২ | ০.১৮০০ | ০.১৮০০ |
| ৪০৪ পূর্ণ | ২১ | ০.৩১০০ | ০.৩১০০ |
| ২৬৭ পূর্ণ | ২৭ | ০.৬৩০০ | ০.৬৩০০ |
| ২৭২ অংশে | ১৪ | ০.১৬০০ | ০.০৭০০ |
| ২৬৫ পূর্ণ | ১৪ | ০.১১০০ | ০.১১০০ |
| ২৭৩ অংশে | ১৩৭ | ০.১৯০০ | ০.০৭০০ |
| ২৭৪ অংশে | ৯৮ | ০.০৬০০ | ০.০০৫০ |
| ২৭৫ অংশে | ১২ | ০.২০০০ | ০.০০৫০ |
| ২৭৬ পূর্ণ | ১২ | ০.১৯০০ | ০.১৯০০ |
| ২৭৭ পূর্ণ | ২৭১ | ০.১৯০০ | ০.১৯০০ |
| ২৭৮ পূর্ণ | ২৩০ | ০.৩৭০০ | ০.৩৭০০ |
| ২৭৯ পূর্ণ | ১৫৫ | ০.২৩০০ | ০.২৩০০ |
| ২৯৬ পূর্ণ | ১৫৫ | ০.১৩০০ | ০.১৩০০ |
| ২৮১ পূর্ণ | ১০৪ | ০.২৩০০ | ০.২৩০০ |
| ২৮২ পূর্ণ | ২০৫ | ০.৫৬০০ | ০.৫৬০০ |
| ৩৪২ পূর্ণ | ১৩০ | ০.৩৮০০ | ০.৩৮০০ |
| ৪৪৮ পূর্ণ | ১৩০ | ০.৩১০০ | ০.৩১০০ |
| ২৮৪ পূর্ণ | ১৩০ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ২৮৫ পূর্ণ | ১১১ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ২৮৬ পূর্ণ | ৬০ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ৩৭৫ পূর্ণ | ৬০ | ০.২৭০০ | ০.২৭০০ |
| ২৮৭ পূর্ণ | ২৬৪ | ০.৪৮০০ | ০.৪৮০০ |
| ২৮৮ পূর্ণ | ২৬৪ | ০.৬৫০০ | ০.৬৫০০ |
| ২৮৯ পূর্ণ | ৩৬ | ০.২০০০ | ০.২০০০ |
| ৩৮৮ পূর্ণ | ৩৬ | ০.১৪০০ | ০.১৪০০ |
| ২৯৪ পূর্ণ | ৩৬ | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৪৫৫ অংশে | ৩০ | ০.২৩০০ | ০.১০০০ |
| ২৯৫ পূর্ণ | ৩০ | ০.১৩০০ | ০.১৩০০ |
| ৩০২ পূর্ণ | ৩০ | ০.১৯০০ | ০.১৯০০ |

| বি, এস দাগ নং | বি, এস খতিয়ান নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ৪০২ পূর্ণ | ৩০ | ০.২০০০ | ০.২০০০ |
| ২৯৯ অংশে | ১৯২ | ০.১২০০ | ০.০৫৫০ |
| ৩০০ অংশে | ১২৮ | ০.২১০০ | ০.১৫০০ |
| ৩৯৯ পূর্ণ | ১২৮ | ০.০১৯০০ | ০.১৯০০ |
| ৩০১ পূর্ণ | ৭৪ | ০.২১০০ | ০.২১০০ |
| ৩০৪ অংশে | ২৬৩ | ০.৩৯০০ | ০.২৫০০ |
| ৩১২ অংশে | ৪ | ০.৩৪০০ | ০.৩০০০ |
| ৩১৯ অংশে | ২১৮ | ০.০৫০০ | ০.০১৭০ |
| ৩৬৬ পূর্ণ | ২১৮ | ০.০৫০০ | ০.০৫০০ |
| ৩২২ অংশে | ৬ | ০.১০০০ | ০.০১৫০ |
| ৩৩১ অংশে | ৬ | ০.০৩০০ | ০.০০৪০ |
| ৩৩৫ পূর্ণ | ৬ | ০.০৩০০ | ০.০৩০০ |
| ৩৫৪ পূর্ণ | ৬ | ০.২৬০০ | ০.২৬০০ |
| ৩৫৮ পূর্ণ | ৬ | ০.১৭০০ | ০.১৭০০ |
| ৩২৫ অংশে | ২৩২, ১/১ | ১.০০০০ | ০.২০৫০ |
| ৩৩০ অংশে | ২৫ | ০.১২০০ | ০.০৫০০ |
| ৪৪৯ পূর্ণ | ২৫ | ০.২০০০ | ০.২০০০ |
| ৩৩২ পূর্ণ | ১৫২ | ০.০৪০০ | ০.০৪০০ |
| ৩৫৩ পূর্ণ | ১৫২ | ০.০৯০০ | ০.০৯০০ |
| ৩৬৫ পূর্ণ | ১৫২ | ০.০৫০০ | ০.০৫০০ |
| ৩৩৩ অংশে | ১/১ | ০.১৩০০ | ০.০৩৫০ |
| ১৯৯ অংশে | ১/১ | ০.৬১০০ | ০.৩৬০০ |
| ১৭০ অংশে | ১/১ | ০.২৪০০ | ০.২৩০০ |
| ৩১৬ অংশে | ১/১ | ০.৫০০০ | ০.৩৩০০ |
| ৩২০ অংশে | ১/১ | ০.১৩০০ | ০.০২৩০ |
| ৩২৬ অংশে | ১/১ | ০.১৯০০ | ০.০৬৫০ |
| ৪০৬ অংশে | ১/১ | ০.২০০০ | ০.০৭০০ |
| ১৮৬ পূর্ণ | ১/১ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ১৮৮ পূর্ণ | ১/১ | ০.৩৬০০ | ০.৩৬০০ |
| ১৯০ পূর্ণ | ১/১ | ০.৩০০০ | ০.৩০০০ |
| ২৯০ পূর্ণ | ১/১ | ০.০৯০০ | ০.০৯০০ |
| ২৯১ পূর্ণ | ১/১ | ০.২৩০০ | ০.২৩০০ |
| ২৯২ পূর্ণ | ১/১ | ০.১৬০০ | ০.১৬০০ |
| ২৯৩ পূর্ণ | ১/১ | ০.০৮০০ | ০.০৮০০ |
| ৩১৭ পূর্ণ | ১/১ | ০.১২০০ | ০.১২০০ |
| ৩১৮ পূর্ণ | ১/১ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ৩৫৭ পূর্ণ | ১/১ | ০.২১০০ | ০.২১০০ |
| ৩৬০ পূর্ণ | ১/১ | ০.১৭০০ | ০.১৭০০ |
| ৩৬১ পূর্ণ | ১/১ | ০.১৭০০ | ০.১৭০০ |
| ৩৭৩ পূর্ণ | ১/১ | ০.০৭০০ | ০.০৭০০ |
| ৩৭৯ পূর্ণ | ১/১ | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৩৮২ পূর্ণ | ১/১ | ০.০৮০০ | ০.০৮০০ |
| ৩৩৪ পূর্ণ | ১৬৫ | ০.০৩০০ | ০.০৩০০ |
| ৩৩৬ অংশে | ১৩১ | ০.২৬০০ | ০.১৯০০ |
| ৪৩২ অংশে | ১৩১ | ০.২১০০ | ০.০০৫০ |
| ৩৩৭ অংশে | ১২৭ | ০.৬১০০ | ০.০৩০০ |

| বি, এস দাগ নং | বি, এস খতিয়ান নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ৩৩৯ অংশে | ১৮১ | ০.৩৫০০ | ০.০৩০০ |
| ৩৫১ অংশে | ১৮১ | ০.৩২০০ | ০.৩১০০ |
| ৩৫২ অংশে | ১৮১ | ০.০৯০০ | ০.০৮০০ |
| ৩৪১ অংশে | ২৮ | ০.৫৫০০ | ০.৪৮০০ |
| ৩৪৪ পূর্ণ | ৭৮ | ০.২২০০ | ০.২২০০ |
| ৩৯৪ পূর্ণ | ৭৮ | ০.১৬০০ | ০.১৬০০ |
| ৪৪৫ পূর্ণ | ৭৮ | ০.৩১০০ | ০.৩১০০ |
| ৩৪৬ পূর্ণ | ৩৪ | ০.০৭০০ | ০.০৭০০ |
| ৩৪৭ পূর্ণ | ৩৪ | ০.০৭০০ | ০.০৭০০ |
| ৩৪৮ পূর্ণ | ৩৪ | ০.১৭০০ | ০.১৭০০ |
| ৩৯২ পূর্ণ | ১০৩ | ০.১৮০০ | ০.১৮০০ |
| ৩৪৯ পূর্ণ | ১৪০ | ০.২৫০০ | ০.২৫০০ |
| ৩৫০ পূর্ণ | ৫৭ | ০.২০০০ | ০.২০০০ |
| ৩৫৬ অংশে | ২০০ | ০.১৯০০ | ০.১৬০০ |
| ৩৫৯ পূর্ণ | ১৪৪,৬০ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ৩৬২ পূর্ণ | ২২১ | ০.৩১০০ | ০.৩১০০ |
| ৩৬৭ পূর্ণ | ২২১ | ০.০৯০০ | ০.০৯০০ |
| ৩৬৯ পূর্ণ | ২২১ | ০.০২০০ | ০.০২০০ |
| ৩৬৩ পূর্ণ | ২০৭ | ০.১০০০ | ০.১০০০ |
| ৩৬৪ পূর্ণ | ১ | ০.০৪০০ | ০.০৪০০ |
| ৩৬৮ পূর্ণ | ২৬৮ | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৩৭০ পূর্ণ | ২২০ | ০.০৯০০ | ০.০৯০০ |
| ৩৭১ পূর্ণ | ১৩৮, ২১৯, ২২০ | ০.০৯০০ | ০.০৯০০ |
| ৩৭২ পূর্ণ | ১৩৮ | ০.০১০০ | ০.০১০০ |
| ৩৭৬ পূর্ণ | ১৯৮ | ০.১৪০০ | ০.১৪০০ |
| ৩৭৭ পূর্ণ | ১২৩, ২১০ | ০.১৩০০ | ০.১৩০০ |
| ৩৭৮ পূর্ণ | ১/১ | ০.০৫০০ | ০.০৫০০ |
| ৪৫২ অংশে | ১২১ | ০.৫৩০০ | ০.৩০০০ |
| ৩৮১ পূর্ণ | ১২১ | ০.০৯০০ | ০.০৯০০ |
| ৩৮৩ পূর্ণ | ১৩২ | ০.৫১০০ | ০.৫১০০ |
| ৪৪৭ পূর্ণ | ১৩২ | ০.৪৩০০ | ০.৪৩০০ |
| ৪২৮ অংশে | ১৭৩ | ০.১৮০০ | ০.০৫০০ |
| ৩৮৪ পূর্ণ | ১৭৩ | ০.৪১০০ | ০.৪১০০ |
| ৩৮৬ পূর্ণ | ২১ | ০.৪৫০০ | ০.৪৫০০ |
| ৩৮৭ পূর্ণ | ১০১, ২৯ | ০.১৬০০ | ০.১৬০০ |
| ৩৮৯ পূর্ণ | ১/১, ২৩৯ | ০.১৪০০ | ০.১৪০০ |
| ৪২৪ পূর্ণ | ১/১, ১৭৩, ২৩৯ | ০.৪০০০ | ০.৪০০০ |
| ৩৯৩ পূর্ণ | ১১৫ | ০.২৪০০ | ০.২৪০০ |
| ৩৯৫ পূর্ণ | ১৬৭ | ০.১৮০০ | ০.১৮০০ |
| ৩৯৬ পূর্ণ | ৩৭ | ০.৩৮০০ | ০.৩৮০০ |
| ৩৯৭ পূর্ণ | ২২৬ | ০.২০০০ | ০.২০০০ |
| ৩৯৮ পূর্ণ | ১০৮, ২০৯ | ০.১৭০০ | ০.১৭০০ |
| ৪০১ পূর্ণ | ৭৬ | ০.১৮০০ | ০.১৮০০ |
| ২৬৮ পূর্ণ | ১০৯ | ০.৫০০০ | ০.৫০০০ |
| ২৮০ পূর্ণ | ১০৯ | ০.২৩০০ | ০.২৩০০ |
| ৪০৫ অংশে | ১০৯ | ০.৫৪০০ | ০.১২০০ |

| বি, এস দাগ নং | বি, এস খতিয়ান নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ৩৪৫ পূর্ণ | ২১ | ০.২০০০ | ০.২০০০ |
| ৩৫৫ পূর্ণ | ২১ | ০.২৮০০ | ০.২৮০০ |
| ৩৮০ পূর্ণ | ২১ | ০.৩৩০০ | ০.৩৩০০ |
| ৪২৩ অংশে | ২১ | ০.৫৭০০ | ০.১১০০ |
| ৪২৬অংশে | ১৯৫ | ০.১৬০০ | ০.০৬০০ |
| ৪২৫ পূর্ণ | ১৮৭, ১৯৫ | ০.২৬০০ | ০.২৬০০ |
| ৩৮৫ পূর্ণ | ১৮৭ | ০.৫১০০ | ০.৫১০০ |
| ৪৩০ অংশে | ১৫৮ | ০.২১০০ | ০.০৬৫০ |
| ৩৪০ অংশে | ১৫৮ | ০.২০০০ | ০.১০০০ |
| ২৯৮ পূর্ণ | ১০০ | ০.২৮০০ | ০.২৮০০ |
| ৪৩১ অংশে | ১০০ | ০.২১০০ | ০.০৩০০ |
| ৪৩৯ অংশে | ৯৩ | ০.২৫০০ | ০.১৪০০ |
| ৪৪০ অংশে | ১৫৩ | ০.১৬০০ | ০.০০৫০ |
| ৩৪৩ পূর্ণ | ৪৫ | ০.২০০০ | ০.২০০০ |
| ৪৪২ অংশে | ৪৫ | ০.৩৪০০ | ০.১০০০ |
| ৪৪৪ অংশে | ৪৫ | ০.২১০০ | ০.২০৪০ |
| ৪৪৬ পূর্ণ | ৪৫ | ০.১৫০০ | ০.১৫০০ |
| ৪৪৩ পূর্ণ | ১৪৫ | ০.২২০০ | ০.২২০০ |
| ৪৫০ পূর্ণ | ১৫১ | ০.৪৮০০ | ০.৪৮০০ |
| ৪৫১ অংশে | ১১৮ | ০.১৮০০ | ০.১১০০ |
| ২৯৭ পূর্ণ | ১১৮ | ০.২৭০০ | ০.২৭০০ |
| ৪৫৩ পূর্ণ | ২৯ | ০.১২০০ | ০.১২০০ |
| ৩৯০ পূর্ণ | ২৯, ১/১ | ০.২৫০০ | ০.২৫০০ |
| ৪৫৪ অংশে | ১৭০ | ০.২৮০০ | ০.২৫০০ |
| ৫০৭ অংশে | ০১ | ০.১৭০০ | ০.০১০০ |
| ৩৭৪ পূর্ণ | ১৫৬ | ০.৫৯০০ | ০.৫৯০০ |
| | | | ৩৯.০২৫০ একর |

মৌজা ঃ পূর্ব শরীফপুর, জে এল নং-৪৮, উপজেলা-বুড়িচং, জেলা-কুমিল্লা।

| বি, এস দাগ নং | বি, এস খতিয়ান নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|---|
| ০৩ অংশে | ১০ | ০.৪২০০ | ০.০১০০ |
| ০৬ অংশে | ২৭ | ০.৪৪০০ | ০.১৩০০ |
| ০৭ অংশে | ২২ | ০.৪১০০ | ০.১৩৫০ |
| ১০ অংশে | ২২ | ০.৪০০০ | ০.১২৫০ |
| ১১ অংশে | ৩০ | ০.৫৫০০ | ০.১৩০০ |
| ১৩ অংশে | ২৫ | ০.৩৮০০ | ০.০৫৪০ |
| ১৪ অংশে | ০৯ | ০.৯৩০০ | ০.০১৬০ |
| ১৭ অংশে | ১৮ | ০.২১০০ | ০.১১৫০ |
| ১৯ অংশে | ২৯ | ০.২০০০ | ০.০৯৫০ |
| ২০ অংশে | ০৭ | ০.২০০০ | ০.০৮০০ |
| | | মোট=৪.১৪০০ | মোট=০.৮৯০০ একর |

উভয় মৌজায় (হরিণধরা ও পূর্ব শরীফপুর) সর্বমোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ : ৩৯.৯১৫০ একর।

মোঃ আসাদুজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**অফিস আদেশ**

তারিখ : ১৭ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৩১.৪৪.৮৭০০.০০৮.০৯.০০২.১৭-৯০৩/১—মন্ত্রিপরিষদ বিভাগের ২৪-০৬-১৯৮৪ তারিখের সিডি/ডিএ-১/১২(৪)৮৪/২২৩(৭০) নম্বর স্মারক মোতাবেক আমি আবুল কাশেম মোঃ মহিউদ্দিন, জেলা প্রশাসক, সাতক্ষীরা ভূমি হুকুম দখল ও অধিগ্রহণ অধ্যাদেশের আওতায় সাতক্ষীরা জেলার ভূমি অধিগ্রহণ কর্মকর্তার কার্য সম্পাদন করার জন্য জনাব মাফফারা তাসনীন, পরিচিতি নম্বর ১৬৯৫৪, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সাতক্ষীরাকে নিম্নোক্ত ক্ষমতা প্রদান করলাম।

১। ১৮৯৪ সালের The Land Acquisition Act (১৮৯৪ সনের ১ নম্বর আইন) এর ৩(সি) ধারা এবং ১৯৪৮ সালের The (Emergency) Requisition of Property Act এর ২(১) ধারা অনুসারে কালেক্টর হিসাবে দায়িত্ব সম্পাদন করার জন্য ক্ষমতা প্রদান করা হলো।

২। 'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭' এর ২(৫) ধারা মোতাবেক তাকে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা হিসাবে দায়িত্ব সম্পাদন করার ক্ষমতা প্রদান করা হলো।

৩। এ আদেশ ১৭-১০-২০১৭ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

**আবুল কাশেম মোঃ মহিউদ্দিন**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**নবীগঞ্জ, হবিগঞ্জ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ০৫.৪৬.৩৬৭৭.০০১.০৬.০২৫.২০১৭-১১৭০—হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন ৭নং করগাঁও ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের ৭নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নূর মিয়া, পিতা-হাজী খলিলুর রহমান, গ্রাম-শেরপুর, পোঃ-সৈয়দগঞ্জ, উপজেলা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ গত ১১-১০-২০১৭ খ্রিঃ তারিখ রোজ বুধবার মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি....................রাজীউন)।

সেহেতু, আমি তাজিনা সারোয়ার, উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারার উপধারা-২ অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন ৭নং করগাঁও ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের ৭নং ওয়ার্ডের জনাব মোঃ নূর মিয়া এর সদস্য পদটি ১১-১০-২০১৭ খ্রিঃ হতে শূন্য ঘোষণা করলাম।

**তাজিনা সারোয়ার**
উপজেলা নির্বাহী অফিসার।

## বাংলাদেশের
## কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

### অফিস আদেশাবলী

তারিখ: ১৮ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং **সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৮/২৩**—জনাব মোঃ সিরাজুল ইসলাম, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সিএও/জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা এর জন্ম তারিখঃ ২৫-১০-১৯৫৮ খ্রিঃ। তাঁর বয়স ২৪-১০-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ২৫-১০-২০১৭ খ্রিঃ তারিখ হতে ২৪-১০-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো।

তারিখ: ৩০ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং **সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৮/২৮**—জনাব কনিকা চৌধুরী, উপ-সহকারী অর্থ নিয়ন্ত্রক, ফাইন্যান্স কন্ট্রোলার (বিবিধ) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা এর জন্ম তারিখঃ ০১-১১-১৯৫৮ খ্রিঃ। তাঁর বয়স ৩১-১০-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ৩১-১০-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো। উল্লেখ্য যে, পিআরএল অতিরিক্ত ছুটি পাওনা সাপেক্ষে তিনি প্রচলিত বিধি মোতাবেক সর্বোচ্চ ১৮(আঠার) মাসের ছুটির নগদায়ন বাবদ অর্থ প্রাপ্য হবেন।

**সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন**
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

## অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
## বগুড়া অঞ্চল, বগুড়া

### প্রজ্ঞাপন

তারিখ: ১৮-১০-২০১৭

নং **২৯১৯**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন নিম্নেবর্ণিত সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তাগণকে একই বেতন স্কেল ও সমপদমর্যাদায় তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে শূন্য পদে বদলীযোগে পদায়ন করা হলো:

(১) মোঃ আবুল কালাম আজাদ, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট—উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া।

(২) মোঃ আব্দুল গণি, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া—উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, শাজাহানপুর, বগুড়া।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মতিয়ার রহমান**
অতিরিক্ত পরিচালক।

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ: ১৮ অক্টোবর ২০১৭

নং **১১৫৩৫/১(১৪)**—জনাব কাজী আবদুল মোতালেব, প্রশাসনিক কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর জন্ম তারিখঃ ১০-১২-১৯৫৮ ইং। সে হিসেবে ০৯-১২-২০১৭ ইং তারিখে ৫৯ বছর পূর্তিতে অর্থ মন্ত্রণালয়ের ০৬-০৪-২০১০ ইং তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপনের (ক) অনুচ্ছেদ এবং সংশোধিত নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ সালে ৩(১)বি(২) ধারা অনুযায়ী ০৯-১২-২০১৭ ইং তারিখে অবসর গ্রহণ মঞ্জুর এবং ১০-১২-২০১৭ ইং হতে ০৯-১২-২০১৮ ইং পর্যন্ত ১২ (বার) মাসের পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (পি,আর,এল) মঞ্জুর করা হলো।

**মোঃ গোলাম মারুফ**
মহাপরিচালক।

---

## খাদ্য অধিদপ্তর
## প্রশাসন বিভাগ

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং **১৯২৩**—জনাব ফরিদা ইয়াসমিন, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, দশমিনা, পটুয়াখালীকে তার আবেদনের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলি করা হলো। এ বদলির জন্য তিনি কোন সরকারি টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৪ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং **১৯৫৫**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে প্রশাসনিক প্রয়োজনে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

(১) জনাব রূপক রঞ্জন তালুকদার, সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা(চ.দা.), ধর্মপুর এলএসডি (১ম শ্রেণি), কুমিল্লা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

(২) জনাব আবদুল গণি মিঞা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.), শাহরাস্তি, চাঁদপুর—সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা (চ.দা.), ধর্মপুর এলএসডি (১ম শ্রেণি), কুমিল্লা।

(৩) জনাব মোহাম্মদ সেলিম হায়দার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.), গোয়াইনঘাট, সিলেট—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.), ধর্মপাশা, সুনামগঞ্জ।

(৪) জনাব মোঃ মোস্তাক আহাম্মদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.), ধর্মপাশা, সুনামগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) (চ.দা.), সিলেট।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩১ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ১৩.০১.০০০০.০৩১.১৯.১২৯.১৩.২০০১(১৩)**—নিম্নেবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

(১) জনাব চন্দ্র শেখর মল্লিক, সহকারী উপপরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম—সহকারী নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম।

(২) জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, সহকারী নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম—সহকারী উপপরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ২০০২**—নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

(১) জনাব মোঃ মোয়েতাছেমুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটপাড়া, নেত্রকোণা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

(২) মোহাম্মদ আলাউদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

ক্রমিক নং ১ এ বর্ণিত কর্মকর্তাকে প্রশাসনিক প্রয়োজনে বদলি করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপপরিচালক (সংস্থাপন)।

**আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম**

**আদেশাবলী**

তারিখ: ১২ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০০৭.১৭-৪২০৯**—কক্সবাজার জেলাধীন চিরিঙ্গা এলএসডির খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা (জেলা খাদ্য নিয়ন্ত্রক, কক্সবাজার এর অধীনে বদলি আদেশাধীন) জনাব মোহাম্মদ জহিরুল হক-কে খাগড়াছড়ি জেলাধীন খাগড়াছড়ি এলএসডির খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বদলিপূর্বক পদায়ন করা হলো।

জনস্বার্থে অত্র আদেশ জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০০৭.১৭-৪২১০**—নিম্নেবর্ণিত খাদ্য পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলিপূর্বক পদায়ন করা হলো:

(১) জনাব মোঃ মাহবুবুর রহমান, খাদ্য পরিদর্শক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, পটিয়া এলএসডি, চট্টগ্রাম—দেওয়ানহাট সিএসডি, চট্টগ্রাম।

(২) জনাব মোঃ আবদুল খালেক, খাদ্য পরিদর্শক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লোহাগাড়া এলএসডি, চট্টগ্রাম—খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, পটিয়া এলএসডি, চট্টগ্রাম।

(৩) জনাব জয়নাল আবেদীন, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চকরিয়া, কক্সবাজার—খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, লোহাগাড়া এলএসডি, চট্টগ্রাম।

জনস্বার্থে অত্র আদেশ জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মাহবুবুর রহমান**
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক।

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**
**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং দুদক/৩১-২০০৬/সংস্থাপন/৩৩৩৯৬**—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫নং আইন)-এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর অধীন (সংশোধনীসহ) ও উক্ত আইনের তফসিলে বর্ণিত অপরাধসমূহের অভিযোগের অনুসন্ধান ও রুজুকৃত মামলার তদন্তের ক্ষমতা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২০ ধারার ২ উপধারার বিধানমতে দুর্নীতি দমন কমিশনে কর্মরত নিম্নোক্ত কর্মকর্তাকে প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মহাপরিচালক (তদন্ত) |

২। বর্ণিত কর্মকর্তা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৯(১)(২) ধারায় বর্ণিত ক্ষমতাও প্রয়োগ করতে পারবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ শামসুল আরেফিন**
সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং দুদক/৩১-২০০৬/সংস্থাপন/৩৩৩৯৬**—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫নং আইন)-এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর অধীন (সংশোধনীসহ) ও উক্ত আইনের তফসিলে বর্ণিত অপরাধসমূহের অভিযোগের অনুসন্ধান ও রুজুকৃত মামলার তদন্তের ক্ষমতা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২০ ধারার ২ উপধারার বিধানমতে দুর্নীতি দমন কমিশনে কর্মরত নিম্নোক্ত কর্মকর্তাকে প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মহাপরিচালক (তদন্ত) |

২। বর্ণিত কর্মকর্তা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৯(১)(২) ধারায় বর্ণিত ক্ষমতাও প্রয়োগ করতে পারবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ শামসুল আরেফিন**
সচিব।

নং দুদক/প্রশাঃ ও লজিঃ/১৯/২০১২/৩৩১২৯　　তারিখ: ২ নভেম্বর ২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

## দুর্নীতি দমন কমিশনের নিয়ন্ত্রণাধীন হাজতখানা পরিচালনা সংক্রান্ত নীতিমালা

### নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ:

১. দুদক হাজতখানা বাংলাদেশ পুলিশ হতে প্রেষণে আগত একজন অতি: পুলিশ সুপার (উপপরিচালক) অথবা দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান কর্তৃক মনোনীত উপপরিচালকের নিম্নে নন এমন পদমর্যাদার কর্মকর্তা (Commandant) দ্বারা পরিচালিত হবে।

### হাজত ইনচার্জ এর দায়িত্ব ও কর্তব্য:

২. দুদক হাজতখানার সার্বিক নিরাপত্তা দুদক Operational force প্রদান করবে। আসামীর অবস্থানকালীন সময়ে ২৪ ঘন্টা হাজতখানায় নিরাপত্তা Commandant (Operation) নিশ্চিত করবেন।

৩. কোন আসামী হাজতখানায় আসলে হাজতখানা ইনচার্জ হাজতখানা রেজিস্টারে আসামীর প্রাথমিক তথ্য লিপিবদ্ধ করবেন।

৪. কোন আসামী হাজতখানায় অসুস্থ হলে হাজতখানার ইনচার্জ তাৎক্ষণিক সংশ্লিষ্ট কর্মকর্তা ও Commandant (Operation) কে অবহিত করবেন। আসামীর শারীরিক অবস্থা বিবেচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করবেন।

৫. হাজতখানা ইনচার্জ প্রত্যহ হাজতখানার পরিস্কার-পরিচ্ছন্নতা, পানি, বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন। হাজতখানার চাবি হাজতখানার নিরাপদ স্থানে রক্ষিত থাকবে। ০১ (একটি) চাবি Commandant (Operation), ০১ (একটি) চাবি পরিচালক (প্রশাসন) এর নিকট রক্ষিত থাকবে।

৬. হাজতখানা ইনচার্জ ও আসামীর গ্রেফতারকারী কর্মকর্তা আসামীর সমগ্র শরীর সুনিপুণভাবে তল্লাশী করবেন, আসামীর সমগ্র দ্রব্যাদি গ্রেফতারকারী কর্মকর্তার নিয়ন্ত্রণাধীনে থাকবে।

৭. কোন আসামী জুতা/স্যান্ডেল/বেল্ট/ম্যাচ/সিগারেট/ঘড়ি/আংটি ও অন্যান্য দ্রব্যাদিসহ হাজতখানায় প্রবেশ করতে পারবে না, হাজতখানা ইনচার্জ তা' নিশ্চিত করিবেন।

৮. হাজত খানায় মহিলা আসামী থাকলে Commandant (Operation) কে অবহিত করবে, Commandant উক্ত মহিলা আসামীর নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট থানা কিংবা ডিএমপির মহিলা পুলিশ সদস্য আনয়নের ব্যবস্থা করবেন।

৯. হাজতখানা ইনচার্জ প্রত্যহ Commandant (Operation) এর নিকট মর্নিং রিপোর্ট পেশ করবেন।

### তত্ত্বাবধায়কের দায়িত্ব ও কর্তব্য:

১০. কোন আসামী যে কর্মকর্তার অধীনে গ্রেফতার হবে উক্ত কর্মকর্তা আসামীর সার্বিক নিরাপত্তা, খাদ্য সরবরাহ, চিকিৎসা তথা সকল কিছুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তবে প্রয়োজনীয় ব্যয় প্রশাসন অনুবিভাগ হতে প্রদান করা হবে।

১১. আসামী রেজিস্টারে তথ্য লিপিবদ্ধকরণের সময় কর্মকর্তার স্বাক্ষর ও মোবাইল নম্বর লিপিবদ্ধ থাকবে এবং আসামী কোর্টে প্রেরণ বা স্থানান্তরের সময় উক্ত কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করে হাজতখানা ইনচার্জ সংশ্লিষ্ট কর্মকর্তাকে আসামী বুঝিয়ে দিবেন।

১২. আসামী জিজ্ঞাসাবাদের প্রয়োজন হলে শুধুমাত্র যে কর্মকর্তার অধীনে আসামী গ্রেফতার হয়েছেন তিনিই আসামী জিজ্ঞাসাবাদ করতে পারবেন, আসামী হাজতখানা হতে অন্যত্র জিজ্ঞাসাবাদের প্রয়োজন হলে রেজিস্টারে কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করে আসামী নিতে পারবেন। অন্য কোন দুদক কর্মকর্তার জিজ্ঞাসাবাদের প্রয়োজন হলে সংশ্লিষ্ট মহাপরিচালক এর পূর্বানুমতি নিতে হবে।

১৩. মহাপরিচালক (প্রশাসন) এর অনুমতি ব্যতীত কেহ আসামীর সাথে সাক্ষাত, জিজ্ঞাসাবাদ, খাদ্যদ্রব্য, ঔষধসামগ্রী সরবরাহ করতে পারবেন না।

১৪. হাজতখানার অভ্যন্তরে আসামী থাকাকালীন আসামীর প্রতি আইনানুগ ব্যবহার প্রযোজ্য হবে।

### অন্যান্য নিয়মাবলী:

১৫. হাজতখানার অভ্যন্তরে ও বহিরাংশে সিসি ক্যামেরার ব্যবস্থা থাকবে। পরিচালক (প্রশাসন), Commandant (Operation) এবং হাজতখানার ইনচার্জ সিসি টিভি পর্যবেক্ষণ করবেন।

১৬. বাংলাদেশের আবহাওয়া অনুসারে প্রয়োজনে আসামীকে Commandant (Operation) এর অনুমতিক্রমে কম্বল, শীত বস্ত্র ইত্যাদি প্রদান করা যাবে।

### পরিদর্শন:

১৭. সচিব, দুর্নীতি দমন কমিশন, বাৎসরিক ০১ (এক) বার এবং মহাপরিচালক (প্রশাসন) বাৎসরিক ২ (দুই) বার হাজতখানা পরিদর্শন করবেন।

১৮। এ নীতিমালা জারির দিন থেকে কার্যকর বলে গণ্য হবে।

ড. মোঃ শামসুল আরেফিন

সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং দুদক/২১-৮৮(সং-১)/৩৩১৬২(১৪)**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার সাবেক সহকারী পরিচালক জনাব মোঃ নূরুল ইসলাম সরকার-কে তার আবেদনের পরিপ্রেক্ষিতে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ১১-১০-২০১৭ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ১২-১০-২০১৭ হতে ১১-১০-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**কাজী শফিকুল আলম**
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)।

---

**শ্রম পরিদপ্তর**

**অবমুক্তির আদেশ**

তারিখ: ০১ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৪০.০২.০০০০.০৩১.১৯.০০১.০৯-৮৩৩**—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ৩১-১০-২০১৭ তারিখের ৪০.০০.০০০০.০২০.০১৩.০০২.১৬-৬৬১/১(১২) নং প্রজ্ঞাপনে শ্রম পরিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদেরকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে জনস্বার্থে বদলি/পদায়ন করা হয়েছে। উক্ত কর্মকর্তাগণকে বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত আগামী ০২-১১-২০১৭ তারিখ অপরাহ্নে তাঁদের বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ আকতারুজ্জামান<br>সহকারী শ্রম পরিচালক | আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর | সহকারী শ্রম পরিচালক<br>আঞ্চলিক শ্রম দপ্তর, চাঁদপুর |
| ২ | জনাব আব্দুল লতিফ সরকার<br>সহকারী শ্রম পরিচালক | শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সহকারী শ্রম পরিচালক<br>আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর |
| ৩ | জনাব ননি গোপাল বেপারী<br>সহকারী শ্রম পরিচালক | সদ্য যোগদানকৃত<br>শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সহকারী শ্রম পরিচালক<br>বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা |
| ৪ | জনাব মোঃ মাহবুব আলম<br>সহকারী শ্রম পরিচালক | সদ্য যোগদানকৃত<br>শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সহকারী শ্রম পরিচালক<br>শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা |
| ৫ | মিস বিউটি আক্তার<br>সহকারী শ্রম পরিচালক | সদ্য যোগদানকৃত<br>শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | প্রভাষক<br>শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী, গাজীপুর |
| ৬ | জনাব এ কে এম মোস্তাফিজুর রহমান<br>অডিও ভিজ্যুয়াল অফিসার | সদ্য যোগদানকৃত<br>শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | অডিও ভিজ্যুয়াল অফিসার<br>শিল্প সম্পর্ক শিক্ষায়তন, খুলনা |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**আবু হেনা মোস্তফা কামাল**
শ্রম পরিচালক (অতিরিক্ত সচিব)।

[একই স্মারক ও তারিখের স্থলে প্রতিস্থাপিত]
**মহিলা বিষয়ক অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ অক্টোবর ২০১৪ খ্রিঃ

নং ৩২.০১.০০০০.০০১.১১.৩৭৮.১৭-৮৯৩—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ০২-০৫-২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১.গোপনীয়.১১.২১৫৩.১৭-১১৩ নং স্মারকের মাধ্যমে প্রেরিত সুপারিশ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১৭-০৮-২০১৭ তারিখের ৩২.০০.০০০০.০২৮.১১.০১২.১৬-৩৩০ নং স্মারক অনুযায়ী জাতীয় বেতন স্কেল/২০১৫ এর বেতন গ্রেড-১০, বেতনক্রম ১৬০০০—৩৮৬৪০/- এবং সরকার প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ নিম্নোক্ত প্রার্থীগণকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তাধীনে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো এবং তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| ক্রমিক নং | নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | নিজ জেলা | কর্মকমিশনের রেজিঃ নম্বর | পদায়নকৃত কার্যালয় |
|---|---|---|---|---|---|
| ১. | রিজু তামান্না<br>পিতা-মোঃ আবু রায়হান খোন্দকার<br>মাতা-মোছাঃ শিরীন আকতার<br>দ্বারকীপাড়া (বনিকপাড়া),<br>মামা-ভাগ্নে ব্যাটারী হাউজ, নন্দীগ্রাম রোড,<br>ডাকঘর-শেরপুর, উপজেলা-শেরপুর,<br>জেলা-বগুড়া। | দ্বারকীপাড়া (বনিকপাড়া),<br>মামা-ভাগ্নে ব্যাটারী হাউজ,<br>নন্দীগ্রাম রোড, ডাকঘর-শেরপুর,<br>উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া। | বগুড়া | ০০০৯২৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ। |
| ২. | মেহের আফরোজ<br>পিতা-মোহাম্মদ আতিকুল ইসলাম<br>মাতা-মমতাজ ইসলাম<br>গ্রাম-গোপালপুর, বাড়ী-সরকারবাড়ী,<br>ডাকঘর-গোপলপুর-৩৪১০,<br>উপজেলা-নবীনগর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া। | প্রযত্নে- মোঃ মনিরুল ইসলাম<br>সরকার, সিনিয়র এক্সিকিউটিভ<br>অফিসার, ব্যাংক এশিয়া লিঃ,<br>ইপিজেড শাখা, জোনস সারভিস<br>কমপ্লেক্স, সিইপিজেড, চট্টগ্রাম। | ব্রাহ্মণবাড়িয়া | ০০০৩৫৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, লোহাগড়া, চট্টগ্রাম। |
| ৩. | শারমিন আক্তার<br>পিতা-আব্দুল হাকিম মোল্লা<br>মাতা-সেলিনা বেগম<br>গ্রাম-জান্দী, ডাকঘর-জান্দী,<br>উপজেলা-ভাংগা, জেলা-ফরিদপুর। | কক্ষ নং-৫২০, শামসুন্নাহার হল,<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | ফরিদপুর | ০০১০৫১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালীগঞ্জ, সাতক্ষীরা। |
| ৪. | রোম্মানা বিলকিস<br>পিতা-মনির উল আজম<br>মাতা-মোছাঃ আফসারী আসাদ<br>সি.এন্ড.বি পাড়া, কেদারগঞ্জ, মৎস্য<br>অফিসের পিছনে, ডাকঘর-চুয়াডাংগা,<br>উপজেলা-চুয়াডাংগা সদর,<br>জেলা-চুয়াডাংগা। | রুম নং-৭১২ (পুরাতন), নীলক্ষেত<br>কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত,<br>ঢাকা-১২০৫। | চুয়াডাংগা | ০০০০৪৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জীবননগর, চুয়াডাংগা। |
| ৫. | কাজী শাম্মীনাজ আলম<br>পিতা-কাজী শাহ আলম<br>মাতা-মরিয়ম বেগম<br>গ্রাম-আলীপুর, ডাকঘর-ওয়ারুক বাজার,<br>উপজেলা-শাহরাস্তি, জেলা-চাঁদপুর। | রুম নং-৭০২ পুরাতন ভবন, নীলক্ষেত<br>কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত,<br>ঢাকা-১২০৫। | চাঁদপুর | ০০০৬১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, শাহরাস্তি, চাঁদপুর। |
| ৬. | লুৎফুন নেছা বেগম<br>পিতা-এ. কে. এম নুরু ছাফা<br>মাতা-লায়লা বেগম<br>বাড়ী নং-১৩৭৭/F, নুরু ছাফা ভবন,<br>হাজী ইসলামীয়া ব্রিক ফিল্ড, ছোটপুল,<br>আগ্রাবাদ, চট্টগ্রাম, ডাকঘর-বন্দর,<br>উপজেলা-হালিশহর, জেলা-চট্টগ্রাম। | বাড়ী নং-১৩৭৭/F, নুরু ছাফা ভবন,<br>হাজী ইসলামীয়া ব্রিক<br>ফিল্ড, ছোটপুল, আগ্রাবাদ, চট্টগ্রাম,<br>ডাকঘর-বন্দর,<br>উপজেলা-হালিশহর,<br>জেলা-চট্টগ্রাম। | চট্টগ্রাম | ০০০৭২২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ। |

| ক্রমিক নং | নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | নিজ জেলা | কর্মকমিশনের রেজিঃ নম্বর | পদায়নকৃত কার্যালয় |
|---|---|---|---|---|---|
| ৭. | তাপসী শীল<br>পিতা-তারাপদ শীল<br>মাতা-চিত্রাশীল<br>গ্রাম-গালা, ডাকঘর-গালা,<br>উপজেলা-টাংগাইল, জেলা-টাংগাইল। | গ্রাম-গালা, ডাকঘর-গালা,<br>উপজেলা-টাংগাইল,<br>জেলা-টাংগাইল। | টাংগাইল | ০০০৬০৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোপালপুর, টাংগাইল। |
| ৮. | নিলুফার ইয়াসমিন<br>পিতা-মোঃ ইউসুফ আলী<br>মাতা-লুৎফা বেগম<br>গ্রাম-ফিরিংগিকান্দা, ডাকঘর-মুশুরিখোলা, উপজেলা-সাভার, জেলা-ঢাকা। | গ্রাম-মাসুমপুর, প্রযত্নে-মোঃ ইউসুফ আলী, গ্রেডার ইনচার্জ, জেলা বাজার কার্যালয়,<br>ডাকঘর-সিরাজগঞ্জ সদর,<br>উপজেলা- সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ | ঢাকা | ০০০৯৮৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,<br>নিয়ামতপুর, নওগাঁ। |
| ৯. | শাহিনা আকতার<br>পিতা-ওয়াসিমুদ্দীন<br>মাতা-আমেনা<br>গ্রাম-পশ্চিম দৌলতপুর,<br>ডাকঘর-হাটগাংগোপাড়া,<br>উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী। | গ্রাম-পশ্চিম দৌলতপুর,<br>ডাকঘর-হাটগাংগোপাড়া, উপজেলা-বাগমারা,<br>জেলা-রাজশাহী। | রাজশাহী | ০০০৮১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পোরশা, নওগাঁ। |
| ১০. | নূরে ফাতেমা<br>পিতা-মোঃ হাবিবুর রহমান<br>মাতা-সানজিদা রহমান<br>গ্রাম-গড়পাড়া, ডাকঘর-চরগুজামানিকা,<br>উপজেলা-মাদারগঞ্জ, জেলা-জামালপুর। | রুম নং-৭১১ (পুরাতন) নীলক্ষেত কর্মজীবী মহিলা হোস্টেল,<br>নীলক্ষেত, ঢাকা-১২০৫। | জামালপুর | ০০০০৪৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর। |
| ১১. | কানিজ মার্জিয়া<br>পিতা-নাসির আহাম্মেদ<br>মাতা-আলেয়া বেগম<br>১৪১৭/৬, লঞ্চঘাট রোড, লালমোহন পৌরসভা, ডাকঘর-লালমোহন,<br>উপজেলা-লালমোহন, জেলা-ভোলা। | ৪০৬/১, নার্গিস ভিলা, দক্ষিণ মনিপুর, ডাকঘর-মিরপুর-২,<br>থানা/উপজেলা-মিরপুর,<br>জেলা-ঢাকা। | ভোলা | ০০০৬২৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাউফল, পটুয়াখালী। |
| ১২. | উম্মে রুম্মান<br>পিতা-মোঃ খলিলুর রহমান<br>মাতা-মমতাজ বেগম<br>গ্রাম-শংকরহুদা, ডাকঘর-বাহানগাছী,<br>উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ। | গ্রাম-শংকরহুদা,<br>ডাকঘর-বাহানগাছী,<br>উপজেলা-মহেশপুর,<br>জেলা-ঝিনাইদহ। | ঝিনাইদহ | ০০১১০৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রামপাল, বাগেরহাট। |
| ১৩. | জান্নাতুল ফেরদৌস লাবনী<br>পিতা-মোঃ শহিদুল ইসলাম<br>মাতা-সেলিনা সুলতানা<br>বাসা নং-০১২৪-০০, রোড নং-৮৫,<br>ওয়ার্ড নং-০৮, ডাকঘর-আরাপপুর,<br>জামতলা সড়ক, উপজেলা-ঝিনাইদহ,<br>জেলা-ঝিনাইদহ। | কক্ষ নং-৩০৫ (পুরাতন ভবন) কর্মজীবী মহিলা হোস্টেল,<br>নীলক্ষেত, ঢাকা-১২০৫। | ঝিনাইদহ | ০০০৮৮১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সুজানগর, পাবনা। |
| ১৪. | রুবী আক্তার<br>পিতা-সোলায়মান শেখ<br>মাতা-সাহেরা বেগম<br>গ্রাম-জগন্নাথপুর, ডাকঘর-কমলাপুর,<br>থানা-কুষ্টিয়া, জেলা-কুষ্টিয়া। | গ্রাম-জগন্নাথপুর,<br>ডাকঘর-কমলাপুর, থানা-কুষ্টিয়া,<br>জেলা-কুষ্টিয়া। | কুষ্টিয়া | ০০০৬৫৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া। |

| ক্রমিক নং | নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | নিজ জেলা | কর্মকমিশনের রেজিঃ নম্বর | পদায়নকৃত কার্যালয় |
|---|---|---|---|---|---|
| ১৫. | সুমনা শারমিন<br>পিতা-মোঃ গোলাম জাকারিয়া<br>মাতা-শাহারিন নাসরীন<br>গ্রাম-কাশেমপুর, ডাকঘর-রসুলপুর, থানা-সাতক্ষীরা, জেলা-সাতক্ষীরা। | শামসুন্নাহার হল, কক্ষ নং-৩০৮, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ঢাকা। | সাতক্ষীরা | ০০১০৫২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মিরসরাই, চট্টগ্রাম। |
| ১৬. | হাসনাৎ জাহান<br>পিতা-এস. এম. আল হালিম আজাদী<br>মাতা-মৃত জুবাইদা খাতুন<br>কালি বাড়ি রোড, রূপছায়া গলি, ডাকঘর-সিরাজগঞ্জ, উপজেলা-সিরাজগঞ্জ, জেলা-সিরাজগঞ্জ। | কক্ষ নং-২০৬, নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী নিবাস, রোকেয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | সিরাজগঞ্জ | ০০০৮২৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ভাঙ্গুরা, পাবনা। |
| ১৭. | জাহান-ই-গুলশান<br>পিতা-মোঃ আব্দুল মজিদ<br>মাতা-শাহনাজ খাতুন<br>বাড়ী নং-১৫৭, ব্লক-ডি, ডাকঘর-নতুন উপশহর, উপজেলা-যশোর সদর, জেলা-যশোর। | রুম নং-৩০৪, নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী নিবাস, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | যশোর | ০০০৮৩৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া, যশোর। |
| ১৮. | রুনীয়া আকতার<br>পিতা-এম. জাফর আহমেদ<br>মাতা-মাহমুদা সুলতানা<br>বাড়ী-৬৫, স্বামী বিবেকানন্দ সড়ক, দশানী, ডাকঘর-বাগেরহাট, উপজেলা-বাগেরহাট, জেলা-বাগেরহাট। | বাড়ী-৬৫, স্বামী বিবেকানন্দ সড়ক, দশানী, ডাকঘর-বাগেরহাট, উপজেলা-বাগেরহাট, জেলা-বাগেরহাট। | বাগেরহাট | ০০১০৩৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মোল্লাহাট, বাগেরহাট। |
| ১৯. | কাশ্মীর সুলতানা<br>পিতা-মৃত আব্দুল কুদ্দুস<br>মাতা-মনোয়ারা বেগম<br>গ্রাম-চরনরিনা, ডাকঘর-নরিনা, উপজেলা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ। | প্রযত্নে-মোঃ কামরুজ্জামান, প্রকিউরমেন্ট সহকারী, ক্যাফেটারীয়া, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। | সিরাজগঞ্জ | ০০০০৪০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বিশ্বনাথ, সিলেট। |
| ২০. | রূপালী রানী<br>পিতা-নিরাঞ্জন প্রামানিক<br>মাতা-অম্বিকা রানী<br>গ্রাম-কাশিমালা, ডাকঘর-বিশিয়া, উপজেলা-আদমদীঘি, জেলা-বগুড়া। | গ্রাম-কাশিমালা, ডাকঘর-বিশিয়া, উপজেলা-আদমদীঘি, জেলা-বগুড়া। | বগুড়া | ০০১১১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| ২১. | বেদবতী মিস্ত্রী<br>পিতা-মনমথ মিস্ত্রী<br>মাতা-স্মৃতি কনা মিস্ত্রী<br>গ্রাম-হাটবাটী, ডাকঘর-বটিয়াঘাটা, উপজেলা-বটিয়াঘাটা, জেলা-খুলনা। | ৫০১, কর্মজীবী মহিলা হোস্টেল, ২ বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা। | খুলনা | ০০১০৪০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট। |
| ২২. | মোছাঃ মাহমুদা সুলতানা<br>পিতা-মোঃ মোজাফফর হোসেন<br>মাতা-নূরজাহান বেগম<br>গ্রাম-দুপচাঁচিয়া, মাষ্টার পাড়া, ডাকঘর-দুপচাঁচিয়া, উপজেলা-দুপচাঁচিয়া, জেলা-বগুড়া। | গ্রাম-দুপচাঁচিয়া, মাষ্টার পাড়া, ডাকঘর-দুপচাঁচিয়া, উপজেলা-দুপচাঁচিয়া, জেলা-বগুড়া। | বগুড়া | ০০১১৩০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পত্নীতলা, নওগাঁ। |
| ২৩. | শাহনাজ পারভীন<br>পিতা-আব্দুল মোতালেব<br>মাতা-রাশেদা বেগম<br>গ্রাম-বারারচর, ডাকঘর-ঝগড়ার চর, উপজেলা-শ্রীবর্দী, জেলা-শেরপুর। | নাহার কুঞ্জ (৩য় তলা), ডি#৯, ব্লক#ই, জাকির হোসেন রোড, ডাকঘর-মোহাম্মদপুর, উপজেলা-মোহাম্মদপুর, ঢাকা। | শেরপুর | ০০০২৯০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোনা। |

| ক্রমিক নং | নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | নিজ জেলা | কর্মকমিশনের রেজিঃ নম্বর | পদায়নকৃত কার্যালয় |
|---|---|---|---|---|---|
| ২৪. | শারমিন সিদ্দিকা<br>পিতা-মোঃ আবু ছিদ্দিক মিয়া<br>মাতা-সাইদা নাজমা খান<br>গ্রাম-কাশিল, ডাকঘর-কাশিল,<br>উপজেলা-বাসাইল, জেলা-টাংগাইল। | রুম নং-৪০৫, বাংলাদেশ কুয়েত মৈত্রী হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | টাংগাইল | ০০০৬২৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, আটপাড়া, নেত্রকোনা। |
| ২৫. | ফাতেমা-তুজ-জোহরা<br>পিতা-মোঃ আমজেদ বেপারী<br>মাতা-রোকয়া বেগম<br>গ্রাম-বাগেরপাড়, শহীদ বাদল সড়ক,<br>ওয়ার্ড-০৬, ডাকঘর-মাদারীপুর,<br>উপজেলা-মাদারীপুর, জেলা-মাদারীপুর। | কক্ষ নং-৪১, চামেলী ভবন, রোকেয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | মাদারীপুর | ০০০১৮৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বেতাগী, বরগুনা। |
| ২৬. | জেসমিন সুলতানা<br>পিতা-জালাল উদ্দীন আহমেদ<br>মাতা-হাসনা হেনা শিরিন<br>গ্রাম-পশ্চিম শ্যামপুর, ডাকঘর-সদরপুর,<br>উপজেলা-সদরপুর, জেলা-ফরিদপুর। | গ্রাম-পশ্চিম শ্যামপুর, ডাকঘর-সদরপুর, উপজেলা-সদরপুর, জেলা-ফরিদপুর। | ফরিদপুর | ০০০৮০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, আমতলী, বরগুনা। |
| ২৭. | শিরিন আক্তার<br>পিতা-মোঃ আকবর হোসেন<br>মাতা-জাহানারা বেগম<br>গ্রাম-পশ্চিম ডাদেশ্বর,<br>ডাকঘর-দৌলতনগর, উপজেলা-বাহুবল,<br>জেলা-হবিগঞ্জ। | ১১৫, বাংলাদেশ কুয়েত মৈত্রী হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | হবিগঞ্জ | ০০০৫৪০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ। |
| ২৮. | তাছলিমা আক্তার লিমা<br>পিতা-শাহ আলম মজুমদার<br>মাতা-ফেরদৌস আরা<br>আমেনা ভবন, দুলাগাজী মজুমদার বাড়ী,<br>গ্রাম-হিছাছরা, ডাকঘর-ছাগলনাইয়া,<br>উপজেলা-ছাগলনাইয়া, জেলা-ফেনী। | বাসা নং-২/A বেলাভবন, সরকারী কোয়ার্টার, ষোলঘর, সুনামগঞ্জ, ডাকঘর-সুনামগঞ্জ, উপজেলা-সুনামগঞ্জ, জেলা-সুনামগঞ্জ। | ফেনী | ০০০৪০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ। |
| ২৯. | নুসরাত ফেরদৌসী<br>পিতা-মোঃ নুরুল ইসলাম<br>মাতা-জাহানারা আক্তার<br>গ্রাম-রাজনগর, ডাকঘর-ফাজিলপুর,<br>উপজেলা-ফেনী সদর, জেলা-ফেনী। | মেসার্স রংধনু ট্রেডার্স, ৫২ বঙ্গবন্ধু রোড, ডাকঘর-নারায়ণগঞ্জ, উপজেলা-নারায়ণগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ। | ফেনী | ০০০০৯৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ। |
| ৩০. | আবিদা সুলতানা<br>পিতা-মোঃ আমিনুল ইসলাম<br>মাতা-মোছাঃ তাহমিনা খাতুন<br>গ্রাম- ভোগডোমা, ডাকঘর-সনকা,<br>উপজেলা-বীরগঞ্জ, জেলা-দিনাজপুর। | রুম নং-৪১৪, বাংলাদেশ কুয়েত মৈত্রী হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | দিনাজপুর | ০০১০০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাণীশংকৈল, ঠাকুরগাঁও। |
| ৩১. | নূরে জান্নাত ফেরদৌসী<br>পিতা- মোঃ নূরুল ইসলাম<br>মাতা-হাসিনা বেগম<br>গ্রাম-কুমারখালী (পিটিআই পূর্বপাড়া),<br>ডাকঘর-পিরোজপুর, থানা-পিরোজপুর সদর, জেলা-পিরোজপুর। | ১১৪/১১৫ রসুলপুর শাহী মসজিদ (২য় তলা) রসুলপুর, ডাকঘর-দনিয়া, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা। | পিরোজপুর | ০০০০০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ওসমানীনগর, সিলেট। |
| ৩২. | মীর তারিন বাশার লিমা<br>পিতা-মৃত এ.এফ.এম. আবুল বাশার মীর<br>মাতা-নাজমা পারভীন<br>গ্রাম-গোবিন্দপুর, ডাকঘর-আশারামপুর,<br>উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী। | গ্রাম-গোবিন্দপুর, ডাকঘর-আশারামপুর, উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী। | নরসিংদী | ০০০০৩৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ। |

| ক্রমিক নং | নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | নিজ জেলা | কর্মকমিশনের রেজিঃ নম্বর | পদায়নকৃত কার্যালয় |
|---|---|---|---|---|---|
| ৩৩. | মোছাঃ অলিফা খাতুন<br>পিতা-ওহিদুল ইসলাম আশরাফ<br>মাতা-মোছাঃ মনোয়ারা বেগম<br>গ্রাম-ধানঘরা, ডাকঘর-ধানঘরা,<br>উপজেলা-রায়গঞ্জ, জেলা-সিরাজগঞ্জ। | গ্রাম-ধানঘরা, ডাকঘর-ধানঘরা,<br>উপজেলা-রায়গঞ্জ,<br>জেলা-সিরাজগঞ্জ। | সিরাজগঞ্জ | ০০০৫৯১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নলডাংগা, নাটোর। |

**শর্তাবলী:**

ক) নিয়োগপ্রাপ্তদের চাকুরীর প্রথম ০২(দুই) বছর শিক্ষানবিশ (Probation) কাল হিসেবে গণ্য হবে। সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্তির পর সরকার নির্ধারিত সকল আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে চাকুরীতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

খ) শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরীতে অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এবং কর্মকমিশনের সুপারিশ ব্যতীত তাকে চাকুরী হতে অপসারণ করা হবে।

গ) তার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।

ঘ) চাকুরীতে যোগদানকালে তাকে একজন জামিনদারসহ ৩০০/-(তিন শত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে অঙ্গীকার করবেন যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে তাকে প্রদত্ত বেতন ভাতা উত্তোলিত অগ্রিম/ভ্রমণ/অন্যান্য ভাতাদির অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন।

ঙ) তিনি নিজের জন্য বা পরিবারের অন্য কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না চাকুরীতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০ (তিন শত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে আরো একটি অঙ্গীকারনামা দিতে হবে।

চ) তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ সরকারি আদায় আইন, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ছ) পরবর্তীকালে যে কোন সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারী আইনে সোপর্দ করা হবে।

জ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এরূপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

ঝ) এ নিয়োগ পুলিশ কর্তৃক তাঁর পূর্ব পরিচয় ও চরিত্র যাচাই সাপেক্ষে পুলিশী প্রতিবেদনে যদি কোন বিরূপ তথ্য পাওয়া যায় তবে সরকারী কর্মকমিশনের সংগে পরামর্শকরণ ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাঁকে চাকুরী হতে অব্যাহতি দেয়া হবে।

২। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৫-১০-২০১৭ তারিখের মধ্যে তাকে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে সম্বোধন করে পদায়নকৃত কর্মস্থলের সংশ্লিষ্ট জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার যোগদানপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা বরাবর অগ্রায়ন করবেন।

৩। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। এ নিয়োগ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৫। চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী রওশন আক্তার**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৫.৬১০০.০১৪.১৯.০০৪.১৬-৪১৯(২৫)—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে নিয়োগ/বদলি করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | পবদি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব আরিফুজ্জামান<br>পরিচিতি নং-১৬৭৯৭<br>নিজ জেলা-কিশোরগঞ্জ। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে যোগদানকৃত। | উপজেলা নির্বাহী অফিসার কলমাকান্দা, নেত্রকোণা। |

০২। তিনি এ কার্যালয় হতে কোন বেতন-ভাতাদি গ্রহণ করেনি।

০৩। বর্ণিত কর্মকর্তা এ কার্যালয় হতে আগামী ০১-১১-২০১৭ খ্রি. তারিখ অপরাহ্নে অবমুক্ত হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৫.৬১০০.০১৪.১৯.০০৪.১৬-৩৪৯(২৫)—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে নিয়োগ/বদলি করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নং ও নিজ জেলা | পবদি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব মোছাঃ সাবিহা সুলতানা<br>পরিচিতি নং-১৬১৮০<br>নিজ জেলা-দিনাজপুর। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে যোগদানকৃত। | উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা। |

০২। উল্লিখিত কর্মকর্তা আগামী ১৪-০৯-২০১৭ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জি. এম. সালেহ উদ্দিন**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রংপুর বিভাগ, রংপুর**
**সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৭-৬০৫—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন/বদলি করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | নিজ জেলা | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব আব্দুল্লাহ-আল-মামুন (১৬৯৭০)<br>সহকারী কমিশনার হিসেবে যোগদানকৃত। | ঢাকা | সহকারী কমিশনার,<br>জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও। |
| ০২ | জনাব মাকসুদা আক্তার মাসু (১৭৪৪০)<br>সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী বদলির আদেশাধীন। | কুমিল্লা | সহকারী কমিশনার,<br>জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও। |

০২। এ কার্যালয়ের ২০-০৯-২০১৭ তারিখের ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৭-৫৫৯/১(৩৫) নং প্রজ্ঞাপনে জনাব মাকসুদা আক্তার মাসু (১৭৪৪০)-কে সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী বদলির আদেশের সংশ্লিষ্ট অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**কাজী হাসান আহমেদ**
বিভাগীয় কমিশনার।

## বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং বিআরটিএ/৬১এ/২০০৫-৩৩০৫—এ অথরিটির নিম্নবর্ণিত কর্মকর্তাকে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ (সংশোধিত) এর ৬(৪) বিধি মোতাবেক তার নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে রেভিনিউ কর্মকর্তা হিসেবে তার চাকরি স্থায়ী করা হলো।

| নাম ও বর্তমান কর্মস্থল | বর্তমান পদে যোগদানের তারিখ | শিক্ষানবিসকাল উত্তীর্ণের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| জনাব মোঃ আব্দুর রাজ্জাক<br>বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা। | ১৯-০৫-২০১৫ খ্রিঃ | ১৯-০৫-২০১৬ খ্রিঃ | ১৯-০৫-২০১৫ খ্রিঃ |

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল।

**মোঃ মশিয়ার রহমান**
চেয়ারম্যান।

---

## প্রত্নতত্ত্ব অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ : ০৯ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৩.২৩.০০০০.১২৩.৩১.০০৪.১৭-২৪৫৭—বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৫ জুন ২০১৭ তারিখের স্মারক-২১৪ এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১৫ অক্টোবর ২০১৭ তারিখের স্মারক-৫২০ এর সুপারিশ, সন্তোষজনক স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন এবং প্রাক পরিচয় যাচাই প্রতিবেদনের ভিত্তিতে উপর্যুক্ত বিবেচিত হওয়ায় মামুন হোসাইন (শাহীন), পিতা-জামাল উদ্দীন, মাতা-রাশিদা খাতুন, গ্রাম: চান্দুয়ালী (খালপাড়া), ডাকঘর: বাজার গোপালপুর, উপজেলা ও জেলা: ঝিনাইদহ-কে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) এর স্থায়ী পদে ১০ম গ্রেডভুক্ত জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী টাকা-১৬,০০০—৩৮,৬৪০/- এ নিম্নলিখিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

০২। এ নিয়োগ আদেশ জারির ০১ (এক) মাসের মধ্যে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর বরাবরে যোগদানপত্র দাখিল করবেন।

**শর্তাবলি :**

১। তাঁর চাকরি প্রযোজ্য সরকারি বিধি মোতাবেক নিয়ন্ত্রিত হবে;

২। তিনি ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসেবে গণ্য হবেন। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ শিক্ষানবিসকাল বর্ধিত করতে পারবেন;

৩। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় তাঁকে চাকরি থেকে অব্যাহতি দিতে পারবেন;

৪। শিক্ষানবিসকালে প্রযোজ্য শর্তাবলী পূরণ হলে চাকরি স্থায়ী করা হবে;

৫। চাকুরির আবেদন পত্রের কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৬। নির্ধারিত তারিখের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে এই নিয়োগপত্র বাতিল করা হবে;

৭। সরকারি কাজের জন্য কর্তৃপক্ষ তাঁকে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের যে কোন অফিসে বদলি করতে পারবেন;

৮। তাঁকে যোগদানের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না; এবং

